

হা ত বা ড়া লে ই

দান মাঝে দশ টাকা



সুবিধা

Suvida

বর্ষ ৫ সংখ্যা ৩



ফেসবুকে suvidapatrika আৰ



ট্যুটোৱে লগ অন কৱল

suvidamagazine লিখে




- হেঁশেলে : শীতের জলখাবার
- স্যুপের চার কাহন
- তুমি মা : শীতকালে শিশুর
সুস্থতা গাইড
- ডাক্তারের চেম্বার থেকে :
হাঁটুর ব্যথা কী কেন
- আইনি : মাতৃত্বের অধিকার
- গোপনকথা
- সরাসরি ডাক্তারি প্রশ্নোত্তর

পিল ও প্রগতি

পিল-এর ব্যবহার কীভাবে নারী
প্রগতি থেকে দেশের উন্নতিসাধন
করে তার পর্যালোচনা

বর্ষার প্যাচপ্যাতে আবহাওয়ার
যন্ত্রণা থেকে বাঁচতে



জল ছাড়াও আরও^১
কিছু দরকার

হ্যাঁ, আপনার ডাক্তারকে জিজ্ঞেস করে দেখুন

Lacolite-Z™

To be administered on the advice/under the supervision of a qualified Medical Practitioner

সম্পাদক
সুদেষণা রায়
মূল উপদেষ্টা
মাসুদ হক
সহকারী সম্পাদক
প্রীতিকণ পালরায়
শ্যামলী বন্দ্যোপাধ্যায়
শিল্প উপদেষ্টা
অন্তরা দে
প্রকাশক ও স্বাধীনকারী
সুনীল কুমার আগরওয়াল
মূল
১০ টাকা

আমাদের ঠিকানা
এসকাগ ফার্মা প্রি. লি.
পি ১৯২, নেকটাউন,
ভূটাইয় তল, রুক - বি
কলকাতা ৭০০০৮৯
email-eskagsuvida@gmail.com

Printed & Published by
Sunil Kumar Agarwal
Printed at
Satyajug Employees' Cooperative Industrial Society Ltd.
13,13/1A, Prafulla Sarkar Street,
Kolkata-700 072
RNI NO : WBBEN/2011/39356

চিঠি পত্র	৮
শব্দজব্দ	৮
সম্পাদকীয়	৫
প্রচন্দকাহিনি	৬
হেঁশেল	১২
তুমি মা	১৬
বিনোদন	১৮
কবিতা	২১
পোশাক আশাক	২২
কথা কাহিনি	২৪
বিশেষ রচনা	৩১
ডাক্তারের চেম্বার থেকে	৩৬
সরাসরি ডাক্তার	৩৮
গোপন কথা	৩৯
আইনি	৪০
ভূত ভবিষ্যৎ	৪১



পিল ও
অগ্রগতি

৬

৩১ বিশেষ রচনা

ভবিষ্যতের সিনেমা কী



৩১

৩৬ ডাক্তারের চেম্বার থেকে
হাটুর ব্যথা কী কেন

তুমি মা ১৬



শীতকালে
শিশুর সুস্থতা
গাইড

পোশাক বাহার

২২

একটু
শীতলতা,
অঙ্গ
উষ্ণতা



১২



হেঁশেল

১২

শীতের জলখাবার

সুবিধা ৩




বাস্তবকথা

সুদেশগ রায় ‘পিল ও নারীমুক্তি’
সংক্রান্ত যে লেখা গত সংখ্যায়
লিখেছেন, তার থেকে সত্ত্বই অনেক
অভিজ্ঞতা সংযোগ করলাম। বিশেষত
যাঁদের অভিজ্ঞতা উনি ব্যক্ত করেছেন,
সেগুলোর সঙ্গে মিলও পেলাম।
নারীস্বাধীনতার ক্ষেত্রে এই পিল
যেমন এক ইতিবাচক পদক্ষেপ, আশা
করব, কোনও মহিলা এই পিলকে
তার স্বেচ্ছাচারিতার হাতিয়ার না
করে।

অনিতা সাহ, বেহালা

আপনারা অবশ্যই লেখা পাঠাতে পারেন। গল্প, কবিতা, আপনাদের তোলা ছবি, আপনাদের স্থানীয় কোনও বৈশিষ্ট্য নিয়ে লেখা, ভ্রমণ কাহিনি মনোনীত হলে
সুবিধা-য় ছাপা হবে। তবে যা পাঠাবেন কপি রেখে পাঠাবেন। —সম্পাদক

এবার থেকে চিঠিপত্র বিভাগে গল্প, চিঠি, কোতুক বা কবিতা পাঠালে এই ঠিকানায় পাঠান, সুদেশগ রায়, সম্পাদক, সুবিধা, ৮বি উত্তরস্থির, কলকাতা-৭০০০১৬



পাশাপাশি

১। ‘বর্ষা—/ট্রামের খরচা বাড়ে’, (বাঁশি)। ৬। পশ্চিম
মেদিনীপুরের এই মহল এক সময় মাওবাদীদের অধিকারভুক্ত
ছিল। ৭। ‘আমার বঁধুয়া— বাড়ি যায় আমার আঁতিলা দিয়া’। ৮।
'আবোল—'। ১০। ‘এসো—বনে ছায়াবীথি তলে’।

নতুন বিভাগ আকর্ষক

‘সুবিধা’ আমি বেশ কিছুদিন ধরে দেখছি।
আপনারা নানান ধরনের খোজ খবর দেন
যেটা ভাল লাগে পড়তে। এবার যে দুটো
নতুন বিভাগ চালু করেছেন, তা সত্যই
কাজের। ‘সরাসরি ডাঙ্কা’র কে প্রশ্ন করতে
পারছি, এটা খুবই সুবিধার হয়েছে। আর
অন্যের ‘গোপন কথা’ পড়তে পড়তে
নিজের গোপন কথার সঙ্গে মিল পাচ্ছি।
ধন্যবাদ সুবিধা।

শ্রেষ্ঠসী মজুমদার, লিলুয়া

ফিউশন খাবারেও

সুমিতা শুর-এর ফিউশন খাবার শীর্ষক
প্রতিবেদন থেকে যে ব্রাকেলি-চিকেন
মটরশুটি থিচুরির রেসিপি পেয়েছিলাম, তা
বাড়িতে করে দেখেছি। আমি একা
কলকাতায় থাকি, বাড়ি থেকে দূরে। মায়ের
হাতের রান্না মিস করি। তবে নিজে থেকে
নানা ধরনের খাবার তৈরি করি। আপনাদের
দেওয়া ‘ফিউশন’ খাবারের খিলুরিটা করে
খুব সাফল্য পেয়েছি। এ ধরনের কিছু
রেসিপির সঙ্গে মার হাতের রান্নার ধরনের
কিছু রেসিপি দিলে ভাল লাগবে।

দ্বিজীপ রায়, বাঁশদ্রোনি

১। ‘—থর করি কঁপিছে ভূঁধৰ’। ১২। স্বর্গের গায়কশ্রেণি। ১৪।
পরিত্র, বিয়েতে সাত। ১৫। রাজা বিক্রমাদিত্যের দুই অনুচর
'তাল—'। ১৬। কাব্যের এক 'নাটোর সুন্দরী'
উপরনিচ
৩। অন্যতম বক্ষিম উপন্যাস। ২। ‘—তোমারে পায়না দেখিতে’।
৪। ‘—পায়ের ছেয়ায় রক্তকমল ফোটে’। ৫। ‘—কী জানি
কোথায় সারাদিন আজি খোয়ালে’। ৭। ‘নীল নবদ্বনে—এ তিল
ঠাঁই আর নাহি রে’। ৯। চতুর্থ বেদ। ১৩। এই আরবি শব্দের অর্থ
ডেকে পাঠানো, বেতনও হয়। ১৪। ‘বানক বানক— বাজে’।

১০	ঘ	ন	ঘো	র		আ		রা
	য		জ	ঙ	ল		খা	
আ	ন		নী		তা	বো	ল	
যা		অ		নী	প		বা	
ঢ		থ	র		রা		ল	
গ	ঙ্ক	ৰ		ত		পা	ক	
গ		বে	তা	ল		য়ে		
নে		দ		ব	ন	ল	তা	

ফুলে

বেড়ানো মনোগ্রাহী

সাগতা মুখার্জির লেখা ‘হরিদ্বারের হরিদাস’
খুব মন কেড়েছে। এত সুন্দর করে
গঞ্জাছলে উনি ওঁর অভিজ্ঞতা লিখেছেন যে
মনে হয়েছে কালই চলে যাই হরিদ্বার।

আশা আইচ, কোঘগর

অভিনয় ও লেখা

সাগতা মুখার্জির অভিনয় যেমন মনোগ্রাহী
তেমনই ওঁর লেখা বেড়ানোর অভিজ্ঞতা
ও রসায়ন। খুব ভাল লেগেছে ওঁর লেখা
পড়ে। আর সেই সঙ্গে আপনাদের ধন্যবাদ,
'সুবিধা'-র মাধ্যমে কত শিল্পীর সঙ্গে পরিচয়
হচ্ছে।

সোনা তালুকদার, বাওয়াচাটি

বৃদ্ধাশ্রম

‘বৃদ্ধাশ্রম’ সংক্রান্ত লেখা পড়ে মনটা
ভারাত্রান্ত হয়নি, আশাৰ আলো দেখেছি।
সত্ত্বই ওই লেখা খুবই সময়োপযোগী
হয়েছে। আজকের দিনে বৃদ্ধাশ্রম, বিশেষত
যেখানে শুশ্রায় ও যত্ন পাওয়া যাবে, তা
খুবই দরকার।

অনসুয়া মল্লিক, পাইকপাড়া



পিল বা ওসিপি অর্থাৎ জননিরোধক বড়ি
বহুক্ষেত্রেই নারীর জীবনে যোন
স্বাধীনতার সহায়ক। তবে এর অর্থ এই
নয় যে প্রতিটি নারীই হয়ে উঠবেন
স্বেচ্ছাচারী। পিল জননিয়ন্ত্রণে সহায়ক।
শুধু তাই নয়, নিশ্চিন্ত মনে স্বামীর সঙ্গে
সহবাস করাই এর মূলমন্ত্র নয়, এই
নিশ্চিন্তি মহিলাদের কর্মক্ষেত্রেও তাঁদের
সহায়তা করে। মহিলারা নানা কাজে
এখন ব্যস্ত থাকেন, রোজগার যেমন
করেন, তেমনই দেশের ও দেশের
উন্নয়নের ক্ষেত্রেও তাঁদের অবদান
অনন্থীকার্য। আর পিল খাঁরা নেন
নিয়মিত, বিশেষত উন্নত দেশগুলিতে,
তাঁরা যেহেতু নিজের সন্তানধারণ
সন্তানবানা, নিজে নিয়ন্ত্রণ করেন, তাই খুব
শ্লাঘ করে, পরিকল্পনা মাফিক কাজও
তাঁরা করতে পারেন, এবং নিজেদের

সন্তান এলে, তার দেখভালও পরিকল্পনামাফিক চলে। এ নিয়েই
এবারের প্রচ্ছদকাহিনি।

এছাড়া শীত তো এখন জাঁকিয়ে বেসেছে। তাই শীতের খাওয়া
দাওয়া, সাজগোজ ঘোরাফেরার সঙ্গে সঙ্গে নজর দিতে হয় শীতের
নেতৃত্বাচক কিছু দিকে। তাই রয়েছে ডাক্তারি পরামর্শ নিজের ও
শিশুর দেখভাল সংক্রান্ত।

মাতৃত্ব, তা সে একক বা বিবাহিত যেমনই হোক না কেন, তার
আইনি কিছু প্রেক্ষিত আছে। মার অধিকার কতটা এবং কী তা
নিয়ে আজকের নারীর নানা প্রশ্ন। বিশেষত স্কুলে বা অন্যান্য
ক্ষেত্রে গার্জেন হিসেবে বাবার নামকে অগ্রাধিকার দেওয়া হয়, তা
কতটা ন্যায়সঙ্গত, এ নিয়ে আমরা এখন প্রশ্ন করছি, সেই প্রশ্নের



আইনি কিছু উত্তরও রয়েছে এবারের সুবিধায়। আপনাদের কাছ
থেকে চিঠি, কবিতা, গল্প পেতে ভাল লাগে, এবং আমরা তা
ছাপাতেও চেষ্টা করি। যতটা সন্তুষ তাই চিঠি লিখে থান।

সেই সঙ্গে নতুন বছরের জন্য রইল অনেক শুভেচ্ছা।

সুদেষণা রায়

সুবিধার গ্রাহক হতে চান

আপনারা যদি নিয়মিত গ্রাহক হতে চান তাহলে নিচের কুপনটা ভরে সঙ্গে এক
বছরের সাবস্ক্রিপশন হিসাবে, মোট **পঞ্চাশ টাকার** একটি ‘A/C Payee’ চেক সহ
আমাদের দফতরে পাঠিয়ে দিন। চেক হবে Eskag Pharma Pvt Ltd এই নামে।



৬টি
সংখ্যা মাত্র
৫০ টাকায়। এই
দুর্মুল্যের বাজারে
কর্তৃত সাশ্রয়

নাম বয়স

ঠিকানা

কী করেন দূরভাষ

আমাদের ঠিকানা
এসক্যাগ ফার্মা প্রাঃ লি,
এ এম পি বৈশাখী, এ জি ১১২, সেক্টর ২,
সুইট নং ৮০৪ এবং ৮০৫
কলকাতা ৭০০০৯১
email : eskagsuvida@gmail.com

পত্রিকার প্রতিটি সংখ্যা বিনামূল্যে ডাকবয়েগে পৌছে দেওয়া হবে

পিল ও অগ্রগতি

প্রচন্দ কাহিনি

‘ପିଲ’ ବା ଓସିପି ଜନ୍ମ ନିରୋଧକ ବଡ଼ି ଯା ମହିଳାରା ନିଯେ ଥାକେନ । ଏହି ‘ପିଲ’ ମହିଳାଦେର ଅବାଞ୍ଗିତ ମାତୃତ୍ୱର ହାତ ଥେକେ ରକ୍ଷା କରେ । ଶୁଦ୍ଧ ତାଇ-ଇ ନଯ, ‘ପିଲ’ ବହୁକ୍ଷେତ୍ରେ ନାରୀ ସ୍ଵାଧୀନତାର ସହାୟକଓ ।

ଆଜକେର ନାରୀ ଶୁଦ୍ଧ ସନ୍ତାନପାଲନ ବା ସଂମାର ରକ୍ଷାଇ କରେନ ନା, ତାରା ପୁରୁଷେର ସଙ୍ଗେ କାଁଧେ କାଁଧ ମିଲିଯେ କର୍ମକ୍ଷେତ୍ରେଓ ଯଥେଷ୍ଟ ଅଥସର ହଚ୍ଛେନ । ଶୁଦ୍ଧ ତାଇ ନଯ, ଦେଶେର ଅଗ୍ରଗତିତେଓ ତାରା ସାହାୟ କରଚେନ । ଉତ୍ତରତ ଦେଶ ସେଗୁଲୋଇ ସେଥାନେ ମହିଳାରାଓ ପାଚେନ ସମାନାଧିକାର ଏବଂ କର୍ମକ୍ଷେତ୍ରେଓ ଦିଚ୍ଛେନ ଯୋଗୁଲୋଆନା ସମଯ । ଏବଂ ଅଧିକାଂଶ କ୍ଷେତ୍ରେଇ ଏହିଦେର ମଧ୍ୟେ ଅନେକେଇ ଜନ୍ମନିୟମଣ କ୍ଷେତ୍ରେ ପିଲ ବ୍ୟବହାର କରେ ଥାକେନ । ପିଲ-ଏର ନାନା ବୃତ୍ତାନ୍ତ ଓ ମହିଳାଦେର ଜୀବନ କୀ କରେ ପିଲ ସମ୍ମନ କରେ ତାରଟ ପର୍ଯ୍ୟାଲୋଚନା ରହିଲ ଏବାରେ ପ୍ରଚ୍ଛଦକାହିନିତେ । ଏ ବିଷୟେ ବିଶେଷଜ୍ଞେର ସଙ୍ଗେ କଥା ବଲେ ଓ ଗବେଷଣା କରେ ଲିଖିଛେନ ସୁଦେଶଗ ରାୟ



ইতিকথা

ওরাল কন্ট্রাসেপ্টিভ পিল কে সংক্ষেপে পিল বলা হয়। এই পিলে প্রধানত থাকে ইস্ট্রোজেন ও প্রজেস্টেরেন হরমোন, যা মহিলাদের ওভারি বা ডিস্ট্রাশয়ে সাধারণভাবে তৈরি হয়। যে কোনও মহিলাই গর্ভধারণ করেন যখন পুরুষের শুক্রাণু, মহিলার ডিস্ট্রাশুকে নিয়ন্ত করে। জন্ম নিরোধক ‘পিল’-এর কাজ হল ডিস্ট্রাশুকে শুক্রাণুকে আলাদা করে রাখা। এটা সন্তুষ্পর হয় যখন ‘পিল’ পরিপক্ষ ডিস্ট্রাশু তৈরি বন্ধ করে দেয়। এই পিল যেমন ডিস্ট্রাশু নিঃসেরণ বন্ধ করে, তেমনই শুক্রাণুকে ডিস্ট্রাশু অবধি পৌঁছতে দেয় না। আবার কোনও কোনও সময় এই পিলের হরমোনই ডিস্ট্রাশুকে জরায়তে বাসা বাঁধতে দেয় না। পিল সাধারণত জন্মনিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত হলেও, কোনও কোনও ক্ষেত্রে ডাক্তারেরা পিলের মাধ্যমে ঝুতুশ্রাবের সময় অধিক রক্তক্ষরণ নিয়ন্ত্রণে বা ব্যথা উপশমে দিয়ে থাকেন। তবে সেক্ষেত্রে ডাক্তারের পরামর্শ নেওয়া উচিত।

পিল পরিচয়

- নিয়মিত পিল খেলে ৯৯% ক্ষেত্রে জন্মনিয়ন্ত্রণ সম্ভব।
- পিল-এর পাতায় সাধারণত, ২১টি বা ২৮টি পিল থাকে। প্রথম খাওয়া শুরু করার পর ২১ দিন খেতে হয়, তারপর সাতদিন বাদ। কিন্তু যে পাতায় ২৮টি ট্যাবলেট থাকে, সেক্ষেত্রে ২১দিন

হরমোন ট্যাবলেট থাকে ও তারপর সাতদিন আয়রন ট্যাবলেট যা মহিলাদের পক্ষে ভাল। ২৮ দিন পর আবার নতুন পাতা শুরু।

ওই সাতদিন যে ছাড়া থাকে বা আয়রন ট্যাবলেট খান মহিলারা তার মধ্যেই ঝুতুশ্রাব এসে যায়। যখনই ঝুতু আসুক না কেন, ঠিক সময়মতো আবার পিল শুরু করে দেবেন।

- মোটামুটি কোন সময় রোজ পিল খাবেন, সেটা নির্ধারিত রাখবেন। যদি রাতে খাওয়ার পর হয়, রোজই একই সময় খাবেন। পিল খেতে ভুলে গেলে, বা খাওয়ার পর, দুঃস্টৰ মধ্যে বমি হলে বা পেটের গঙ্গেগোল হলে, পিল সক্রিয় নাও থাকতে পারে।
- পিল নিলে কারও কারও মাথা ধরা বা স্তনের ভারী ভাব আসতে পারে।
- পিল খেলে মোটা হয়, এটার কোনও বৈজ্ঞানিক প্রমাণ নেই। যে সব মহিলার ৩৫ বছরের উর্ধে বয়স এবং খুব বেশি ধূমপান করেন, বা কারও যদি কোনও অসুস্থতা থাকে পিল নেওয়ার আগে ডাক্তারি পরামর্শ নেওয়া জরুরি।
- যৌন রোগের বিরুদ্ধে পিল কোনওভাবেই প্রোটেকশন দেয় না।

কী কী করে পিল

- প্রতি মাসে ডিস্ট্রাশয় থেকে যে পরিপক্ষ ডিস্ট্রাশুটি নিঃস্তৃত হওয়ার কথা, পিল তার পরিপন্থী হিসেবে কাজ করে।

- জরায়ুর মুখে যে মিটকাস বা পিছিল পদার্থ থাকে সেটি আরও ঘন করে দেওয়া পিলের কাজ। ফলে শুক্রাণুর গতিপথ আরও দুর্গম হয়ে ওঠে।
- জরায়ুর লাইনিং বা আস্তরণ পাতলা করে দেওয়ায় নিষিক্ত ডিম্বাণুর পক্ষে জরায়ুতে ঘাঁটি গেড়ে বড় হওয়ার সম্ভাবনাও কমে যায়।

পিল শুরুর সময়

যে কোনও সময় পিল নেওয়া শুরু করতে পারেন। তবে বাচ্চা হওয়ার পর, বা গর্ভপাত কিংবা মিস ক্যারেজ হলে ডাক্তারের সঙ্গে পরামর্শ করে নেবেন। পিল নেওয়া শুরু করার পর প্রথম দিকে কিছু সাবধানতা অবলম্বন করতে হতে পারে যৌন সংসর্কের সময়। কারণ পিল খাওয়া ক্ষেত্রে শুরু করেছেন ঝর্ণাবের কোন দিন থেকে সেটা মাথায় রাখতে হয়।

যদি পিল ঝর্ণাবের প্রথম দিন থেকে নিতে শুরু করেন তাহলে পর্যাপ্ত সংরক্ষণ সম্ভব। পঞ্চম দিন থেকে পিল নিলেও সংরক্ষণ ঠিকঠাক হবে, যদি ঝর্ণাবের সাইকেল ২৩ দিন বা তার নিচে না হয়।


পিল নেবেন না কখন

- গর্ভধারণের পর পিল খাবেন না।
- ৩৫ বছরের উপর বয়স হলে এবং অত্যাধিক ধূমপান করলেও পিল না খাওয়া উচিত
- খুব বেশি ওজন হলে
- কিছু বিশেষ ওয়ুধ খেলে পিল খাওয়া অনুচিত। সেক্ষেত্রে পিল নেওয়ার আগে একবার ডাক্তারের পরামর্শ অত্যাবশ্যক।

আমার সঙ্গীর উপর আমার
পূর্ণ বিশ্বাস আছে, কারণ সে
সঙ্গী সত্যিই
বিশ্বাসযোগ্য



গৃহ নিরোধক বড়ি



ডাক্তারের পরামর্শ বা অনুমোদন অনুযায়ী ওয়ুধ নেবেন।



ପିଲ-ଏର ଇତିବାଚକ ସନ୍ତାବନା

- ମୌନ ସଂସର୍ଗେର କ୍ଷେତ୍ରେ ଅନିଚ୍ଛାକୃତ ଗର୍ଭଧାରଣେର କୋନ୍ତ ଟେଲଶନ ଥାକେ ନା ।
- ଶାବେର ସମୟ ବ୍ୟଥା ବା ଅତିରିକ୍ତ ରକ୍ତକ୍ଷରଣ ନିୟମିତ ଥାକେ ।
- ଡିମ୍ବାଶୟ, ଜରାୟୁ ଓ କଳୋନ-ଏର କ୍ୟାନ୍ଦାର-ଏର ସନ୍ତାବନା କମାଯ ।
- ଅନେକ କ୍ଷେତ୍ରେ ପିଞ୍ଚଳ ବା ବ୍ରଣ ଥାକଲେ ସାରାଯ ।
- ଫାଇର୍ରୋଡ୍ସ, ଡିମ୍ବାଶୟରେ ସିସ୍ଟ୍ଟ ଓ କିଛୁ କୁଣ୍ଡ ସଂକ୍ରାନ୍ତ ସମସ୍ୟାଯ ପ୍ରତିରୋଧ ଗଡ଼େ ତୋଲେ ।
- ପିଲ ନିୟେ ତଥ୍ୟ ତୋ ପେଲେନ, ଏବାର ପର୍ଯ୍ୟାଲୋଚନାର ସମୟ । ପିଲ ପାଶ୍ଚାତ୍ୟେ ବେଶ କିଛୁ ଉନ୍ନତ ଦେଶେ ମହିଳାରୀ ନିୟମିତ ବ୍ୟବହାର କରେ ଥାକେନ । ଏର ଫଳେ ତାଁରା ଯେମନ ସ୍ଵାଧୀନ ଚିନ୍ତାବିହୀନ ମୌନଜୀବନ ଯାଗନ କରତେ ପାରେନ, ତେମନିଇ କଖନ ମାତୃତ ନେବେନ ସେଟାଓ ତାଁରାଇ ନିର୍ଧାରଣ କରେନ ।

‘ପିଲ’ ଗର୍ଭନିରୋଧକ ଏବଂ ଜନ୍ମନିଯାନ୍ତ୍ରଣେର ସହାୟକ ଶୁଦ୍ଧ ନଯ, ଏହି

ପିଲ ନାରୀ ସ୍ଵାଧୀନତାରେ ପ୍ରତୀକ । ଏକ ସମୟ ଛିଲ ସଥନ ମହିଳାରୀ ଏକଟି ସନ୍ତାନ ମାନ୍ୟ କରତେ ନା କରତେ ଆବାର ଗର୍ଭଧାରଣ କରତେନ । ଶୁଦ୍ଧ ପ୍ରାଚ୍ୟେ ନଯ, ପାଶ୍ଚାତ୍ୟେ ଏହି ସମସ୍ୟା ଛିଲ । ଏକେକ ଜନ ମହିଳାର ୧୦ ଥେବେ ୧୨୮ ସନ୍ତାନ ହତ । ଶୁଦ୍ଧ ତା-ଇ ନଯ, ସେଇ ସମୟ ମହିଳା ଓ ଶିଶୁର ସାହ୍ୟ ସମ୍ପର୍କେ ସାହ୍ୟ ସଚେତନତା ନା ଥାକାଯ, ବହ କ୍ଷେତ୍ରେ ଛୋଟ ବୟାସେଇ ସନ୍ତାନେର ମୃତ୍ୟୁ ହତୋ, ବହ କ୍ଷେତ୍ରେ ସନ୍ତାନଧାରଣ କରତେ କରତେ ମାରାଓ ଶରୀର ଏତ ଦୁର୍ବଲ ହୁଯେ ପଡ଼ତ ଯେ ତିନି ମାରାଓ ଯେତେନ । ସାହ୍ୟ ସଚେତନତା ବିଶେଷତ ମା ଓ ସନ୍ତାନେର ସାହ୍ୟ ନିଯେ ଚିନ୍ତା ଭାବନା ଏବଂ ଇତିବାଚକ ପଦକ୍ଷେପ ଯେ କୋନ୍ତ ଉନ୍ନତ ଦେଶେର ପ୍ରତୀକ । ପାଶ୍ଚାତ୍ୟେ ଉନ୍ନତ ଦେଶଗୁଲୋତେ ତାଇ ମହିଳାରୀ ନିଜେଦେର ସନ୍ତାନ ସନ୍ତାବନା ଓ ସନ୍ତାନ ଧାରଣ ନିଜେରା ହାତେର ମୁଠୀଯ ରାଖେନ । ଫଳେ, ତାଁରା ସନ୍ତାନ ଧାରଣ ସଥନ କରେନ, ତଥନ ତା ସୁଖକର ଏକ ଅଭିଜ୍ଞତା, ଶୁଦ୍ଧ କର୍ତ୍ତ୍ୟ ନଯ ।

‘ପିଲ’ ଏହି ଉନ୍ନତିର କ୍ଷେତ୍ରେ, ପ୍ରଗତିର କ୍ଷେତ୍ରେ ଏକ ବିଶାଳ ପଦକ୍ଷେପ ।

পিল নিয়ে আন্তর্জাতিক মহিলাদের অভিজ্ঞতা বেশ কিছু মহিলার সঙ্গে এ বিষয়ে আলোচনা করা হয়। তাঁদের অনেকের নানারকম অভিজ্ঞতার কিছু কিছু তুলে দেওয়া হল।

- উনি থাকেন নিউ ইয়র্কে। ১৭ বছর বয়স থেকেই কর্মক্ষেত্রে লড়াই চলছে। দিনে দোকানে কাজ আর
রাতে ড্রামা স্কুলে প্রশিক্ষণ। এই সময় থেকেই সুজেট পিল নেওয়া শুরু করেন। ‘একা থাকি এতবড় শহরে
যেখানে অবাধ মেলামেশা চলে, আমি ছোট শহর থেকে যখন প্রথম আসি, সময়ে চলতাম। কিন্তু ছ’মাসের
মধ্যে প্রেমে পড়লাম টিউটার-এর। তাঁর সঙ্গে ডিনার, সহবাস, আর তারপর ভয়। সে সময়ই আমি
ডাক্তারের কাছে যাই যাতে গর্ভধারণ না করি। ডাক্তারই আমাকে ‘ওসিপি’ দেন। এবং আমি খেতে আরস্ত
করি। এরপর বিয়ে হয় এবং বিয়ের পরই আমি পিল নেওয়া বন্ধ করে দিই। দেড় বছরের মাথায় সন্তান
সন্তোষ হই। একটি কল্যা সন্তান হয় ও তারপর আবার ফিরে যাই কর্মক্ষেত্রে। সেই সঙ্গে আবার শুরু করি
গর্ভনিরোধক বড়ি নেওয়া।’
- স্যালি অ্যান জামানির মেয়ে। তিনি নিয়মিত পিল নেন, ‘কারণ এটা শুধু আমাকে অবাঞ্ছিত মাতৃত্ব থেকে
রক্ষা করে না, এই পিল আমাকে কনফিডেন্স দেয়। আমার ও আমার লিভ-ইন পার্টনার-এর একটি পুত্র সন্তান
আছে। আমরা আর সন্তান চাই না, তাই আমি পিল নিই। যদিও আমার পার্টনার প্রায়ই বলে ও কন্ডোম
ব্যবহার করবে, কিন্তু আমি নিজে নিজেকে সুরক্ষিত রাখতে চাই তাই পিল নিই। যাতে কোনও দিন কন্ডোম
পরতে ভুলে গেলেও সমস্যা হবে না। সংশয় থাকবে না।’
- বিজেট প্যারিসের বাসিন্দা। বয়স ৩০। দুটি সন্তান আছে। স্বামীর সঙ্গে ডিভোর্স হয়ে গেছে, এখন প্রেম
করছেন ; ‘আমি ডিভোর্স-এর পর যখন সিঙ্গল ছিলাম তখনও পিল নিতাম। কারণ আমি কোনও রিস্ক নিতে
চাইনি। কখন কার সঙ্গে সম্পর্ক হয়ে যায় কে জানে। সন্তান এসে গেলে সমস্যা তো মেয়েদেরই তাই তার
বিরুদ্ধে অর্থাৎ অনিচ্ছাকৃত সন্তানধারনের বিরুদ্ধে পদক্ষেপ হিসেবে পিলই আমার সহায়ক। আমি একা
সংসার চালাই, দুটি সন্তান মানুষ করছি, তাই কখনওই চাইব না এমন কিছু হোক যা অনভিপ্রেত, যা আমার
কর্মক্ষমতা বা কর্মক্ষেত্রে এই মুহূর্তে সমস্যা করবে।’





শীতের জলখাবার

শীত মানে খাওয়া দাওয়া আনন্দ। ঠাণ্ডার মরশুম
চপ, কচুরি, ডেভিল, নানাধরনের নোনতা
জলখাবার দিয়ে কী করে জমিয়ে তুলবেন তার
হ্যাস দিলেন সুমিতা শূর

৪৭

শীতের জলখাবার

কিমা ঘুগনি

কী কী লাগবে

ঘুগনির মটর সারারাত ভিজিয়ে সেদ্ধ করা : ২ কাপ ; চিকেন কিমা : ২৫০ থাম ; আদা বাটা : ১ চামচ ; রসুনবাটা : ১ চামচ ;
পেঁয়াজবাটা : ১চামচ ; হলুদ-নুন : প্রয়োজনমতো ; চিনি : আদাজমতো ; লঙ্কাঞ্ছড়ো : ১ চামচ ; সরবের তেল : প্রয়োজনমতো ; লেবুর রস : ১ চামচ ; পেঁয়াজের স্লাইস :
প্রয়োজনমতো ।

কী করে করবেন

প্রথমে প্যানে সরবের তেল গরম করে তাতে পেঁয়াজ, আদা রসুন বাটা দিয়ে কষে হলুদ, নুন, লঙ্কাঞ্ছড়ো দিয়ে কিমাটা দিন। কষতে থাকুন। ক্ষা হলে চিনি দিন। ওদিকে ঘুগনির মটর সারারাত ভিজিয়ে নুন হলুদ দিয়ে সেদ্ধ করে রাখুন। এবার এই সেদ্ধ মটরটা জল শুধু কিমাতে দিন। কিছুক্ষণ দিমে আঁচে ঢাকা দিয়ে রাখুন। ১০ মিনিট পর নামিয়ে লেবুর রস, পেঁয়াজের স্লাইস দিয়ে রাখুন।
পরোটার সঙ্গে পরিবেশন করুন।



মাছের চপ

কী কী লাগবে

পেন্না বা আড় মাছ : ২৫০ গ্রাম ; বড় আলু : ১ টা ; পাঁউরুটি ২ পিস (চারপাশ থেকে বাদ দেওয়া) ; কাঁচালঙ্ঘা কুচি : ৪/৫ টা ; ধনেপাতা কুচি : ১ অংটি ; নুন : স্বাদমতো ; আমচুর : ৫ চামচ ; ছাতু : ১ টেবিল চামচ ; ডিম : ১টা ফেটানো ; বিস্কুটগুঁড়ো : প্রয়োজনমতো ; সাদা তেল : ভাজার জন্য।

কী করে করবেন

মাছ সেদ্দ করে কাঁটা বেছে চটকে রাখুন। আলু সেদ্দ করে চটকে নিন। পাঁউরুটির টুকরো জলে ভিজিয়ে জলটা চিপে ফেলে দিয়ে ওটাকে চটকে নিন। বিস্কুট গুঁড়ো, ডিম তেল ছাতো বাকি সব উপকরণ একসঙ্গে ভাল করে মেখে চপের আকারে গড়ে নিন। ফ্যাটানো ডিমে চুবিয়ে, বিস্কুটের গুঁড়ো মাখিয়ে ডুরো তেলে ভেজে গরম গরম পরিবেশন করুন।

টমেটোর চপ

কী কী লাগবে

টমেটো : ৮ টি ; নুন, চিনি : আন্দাজমতো ; আলু সেদ্দ : ৪টি ;

ভাজা জিরেগুঁড়ো : ১ চা চামচ ; সাদা তেল : প্রয়োজনমতো ; পেঁয়াজের স্লাইস : প্রয়োজনমতো ; আদাকুচি : ১ চামচ ; বেসন : প্রয়োজনমতো ; জোয়ান : ১/২ চামচ ; কাঁচা লঙ্ঘা বাটা : ১ চামচ।

কী করে করবেন

টমেটো মাখান থেকে চিরে ভিতরের অংশটা কুরে নিন।

সবগুলো কুরে নিয়ে আলাদা রাখুন। এরপর কড়াতে সাদা তেল গরম করে তাতে আলুসেদ্দ মাখা, কাঁচা লঙ্ঘা বাটা, নুন, চিনি, আদাকুচি, দিয়ে ভাল করে কবিয়ে টমেটোর কোরা অংশটা দিয়ে নাড়াচাড়া করে নামান। নামিয়ে ভাজা জিরেগুঁড়ো ছড়িয়ে ঠাণ্ডা করুন। তৈরি হলো পূর্ব। অন্যদিকে বেসন, পরিমাণমতো জল, জোয়ান, নুন দিয়ে ঘন ব্যাটার তৈরি করুন।

এবার টমেটোর মধ্যে পুর ভরে মুখে পেঁয়াজের স্লাইস দিয়ে বেসনের গোলায় ডুবিয়ে ডুরো তেলে সোনালি করে ভাজুন।

ডিম পরোটা

কী কী লাগবে

ময়দা : ২৫০ গ্রাম ; নুন : ১/২ চামচ, চিনি : ১ চা চামচ ; সাদা তেল : ১ চামচ ; খাবার সোডা : ১/৪ চা চামচ ; জল : পরিমাণমতো ; ডিম ফেটানো : ২টা ; গোলমরিচ গুঁড়ো : ১/২ চা চামচ ; কাঁচালঙ্ঘা কুচি : ১ চামচ ; পেঁয়াজকুচি : ২ চামচ ; ভাজার জন্য সাদা তেল : পরিমাণমতো।


কী করে করবেন

ময়দাটা নুন, চিনি, খাবার সোডা, সাদা তেল ময়দা দিয়ে জল দিয়ে ঠেসে মাখুন। অন্যদিকে ডিম ফেটিয়ে নুন, গোলমরিচগুঁড়ো, পেঁয়াজ কুচি, লংকাকুচি দিন। ময়দা মাখা থেকে লেটি কেটে, গোল করে বেলে নিন। তাওয়ায় অঙ্গ তেলে দুপিঠ সেঁকে নিয়ে, ডিমের মিশ্রণ থেকে এক বড় হাতা ডিম পরোটার এক পিঠে দিন। পরোটা ভাল করে সেঁকে, ভাঁজ করে বা রোল করে খেতে দিন। মাঝে পেঁয়াজ কুচি দিয়ে দিতে পারেন, লেবুর রসও।

মিঃ
ক্ষি
তি



সঠিক হজমের উপাদান...



আপনার ডাক্তার সব জানে

ডাক্তারের পরামর্শ বা অনুমোদন অনুযায়ী ওষুধ নেবেন।



কড়াইশুটির কচুরি

কী কী লাগবে

কড়াইশুটি সেদ্দ করে বাটা : ১ কাপ ; মৌরি বাটা : ১ চামচ ;
কাঁচালঙ্কা বাটা : ১ চামচ ; জিরেগুঁড়ো : $\frac{1}{2}$ চামচ জলে গোলা ;
নূন : আন্দজমতো ; সাদা তেল : প্রয়োজনমতো ; ময়দা : ২৫
গ্রাম ; চিনি : ১ চামচ।

কী করে করবেন

কড়াতে সাদা তেল ২ চামচ নিয়ে তাতে একে একে কড়াইশুটি
বাটা, কাঁচালঙ্কা বাটা, নূন, জিরেগুঁড়ো, হিং, মৌরি বাটা দিয়ে ভাল
করে কথিয়ে নিন। তৈরি হল পুর।
অন্যদিকে ময়দায় নূন, চিনি, ১চামচ সাদা তেল দিয়ে ময়ান ও জল
দিয়ে শক্ত করে মেখে ঢাকা দিয়ে রাখুন ৩০ মিনিট।
এবার লেচি কেটে বেলে ভিতরে কড়াইশুটির পুরটা ভরে, বেলে,
ভুরো তেলে ভাজুন।

ত
ত
থ



ফুলকপির সিঙ্গারা

কী কী লাগবে

পুরের জন্য : ফুলকপির ফুল :
১০/১২ টা ; আলু ডুমো করে
কাটা : ৪ টে ; নূন, হলুদ :
আন্দজমতো ; কাঁচালঙ্কা কুচি
: ২টো ; কালোজিরে : ১
চামচ ; সাদা তেল :
প্রয়োজনমতো ; জিরেগুঁড়ো :
১ চামচ। সিঙ্গারার জন্য :
ময়দা : ১ কাপ, খাবার সোডা
: ১ চিমটে ; নূন : চামচ ; জল
: প্রয়োজনমতো ; ভাজার জন্য
: সাদা তেল।



ডিমের ডেভিল

কী কী লাগবে

মুরগির ডিম সেদ্দ : ৪ টে ; আলু সেদ্দ : প্রয়োজনমতো ; পেঁয়াজ,
রসুন, আদা বাটা : $\frac{1}{2}$ কাপ ; লঙ্কাবাটা : ১ চা চামচ ; নূন, হলুদ :
আন্দজমতো ; চিনি : স্বাদমতো ; ভাজবার জন্য সাদা তেল :
প্রয়োজনমতো ; কাঁচা ডিম : ১টা ফেটানো ; বিস্কুটের গুঁড়ো :
প্রয়োজনমতো।

কী করে করবেন

প্রথমে আলু সেদ্দ চটকে রাখুন। প্যানে তেল গরম করে পেঁয়াজ,
আদা, রসুন বাটা দিয়ে আলু সেদ্দ দিন, নূন, হলুদ, চিনি দিন।
লঙ্কাবাটা দিন। ভাল করে কথিয়ে নামিয়ে নিন। সেদ্দ ডিমগুলো
মাঝখান থেকে কেটে নিন। অর্ধেক ডিমের চারধার আলুসেদ্দার
পালেপ দিন। এটি ডিম ফেটানোর মধ্যে ডুবিয়ে বিস্কুটের গুঁড়োয়
গড়িয়ে, ভুরো তেলে ভেজে নিন।

কী করে করবেন

প্রথমে কড়াতে সাদা তেল গরম করে কালোজিরে ফোড়ন দিয়ে
ফুলকপির ফুল, আলুগুলো ভেজে নূন, হলুদ, কাঁচালঙ্কা
জিরেগুঁড়ো দিয়ে কথিয়ে অল্প জল দিয়ে ঢাকা দিয়ে রাখা হতে
দিন। সেদ্দ হলে, মাখামাখা হলে নামিয়ে ঠাণ্ডা করান। তৈরি হল
পুর।

ময়দাতে নূন, খাবার সোডা ও ১ চামচ সাদা তেল ময়ান দিয়ে,
জল দিয়ে মেখে ভিজে কাপড় দিয়ে ঢেকে একপাশে রাখুন ৩০
মিনিট। লেচি কেটে, বেলে নিন গোল করে, তারপর কোনাকুনি
আকারে গড়ে, তাতে পুর ভরন, মুখটা জল দিয়ে বন্ধ করে, চেপে
দিয়ে, ভুরো তেলে সিঙ্গারা ভেজে তুলুন।

সুপের চার কাহন

ঠাণ্ডার মধ্যে সন্দেবেলায় তিভি
দেখতে দেখতে, গরম গরম
সুপ অতি উপাদেয়। তাই চার
রকম সুপ-এর রেসিপি রাইল
সুমিতা শূর-এর তরফ থেকে

বেবিকর্ন সুপ

কী কী লাগবে

বেবিকর্ন : ২৫০ গ্রাম ; দুধ : ১ কাপ ; ময়দা ৩ চা চামচ ; মাখন :

১ বড় চামচ ; নুন : স্বাদমতো ; গোলমরিচ গুঁড়ো : $\frac{1}{2}$ চা চামচ।

কী করে করবেন

বেবিকর্ন টুকরো করে কাটুন, আধকাপ জলে সেদ্ধ করে মিঞ্জিতে বাটুন। এবার একটি প্যানে মাখন গরম করে তাতে ময়দা ভাজুন।

গোলাপি হলে মিঞ্জিতে বাটা কর্ন ও ১ কাপ জল দিন। সঙ্গে দুখটাও দিন। $\frac{3}{4}$ মিনিট ফেটানোর পর নুন, গোলমরিচ দিয়ে নামিয়ে পরিবেশন করুন।

মিঞ্জ ভেজ সুপ

কী কী লাগবে

জল : $\frac{1}{2}$ লিটার ; গোটা শুকনো লঙ্ঘা : ২ টি; লেবুর রস ১

চামচ ; নুন : স্বাদমতো ; স্পিং অনিয়ন কুচি : ১ কাপ ; মাশরুম :

৬/৭ টা কুচি করা ; গাজর, বিনস কুচি : ২ কাপ ; মাখন : ১ বড়

চা চামচ ; আদা কুচি : ১ চামচ।

কী করে করবেন

প্রথমে প্যানে জল গরম হতে দিন। ফুটে উঠলে শুকনো লঙ্ঘা,

মাশরুম কুচি, গাজর, বিনস কুচি, আদা কুচি দিয়ে ফুটতে দিন।

সবজি সেদ্ধ হলে নুন, স্পিং অনিয়ন কুচি, লেবুর রস দিয়ে উপর

থেকে মাখন ছড়িয়ে নামিয়ে পরিবেশন করুন।

চিকেন সুপ

কী কী লাগবে

সেদ্ধ করে হাড় ছাড়ানো মুরগি : ২৫০ গ্রাম ; মুরগির স্টক : ২

কাপ ; মিহি করে কুচনো পেঁয়াজ ২ টেবিল চামচ ; কুচনো আদা :

১ চামচ ; কালো গোল মরিচ : $\frac{1}{2}$ টা ; ফেটানো মুরগির ডিম :

ভেজ
কুচি
থালি

১ টা ; পাতিলেবুর রস : ১ টেবিল চামচ ; নুন : স্বাদমতো ; সাদা তেল : প্রয়োজনমতো ; এরারঞ্চ : ২ চামচ।

কী করে করবেন

প্রথমে প্যানে সাদা তেল গরম করে আস্ত গোলমরিচ দিন।

পেঁয়াজ কুচি হাঙ্কা করে ভেজে নিন। মুরগি, মুরগির স্টক, নুন, আদাকুচি দিন। ফুটলে ফেটানো ডিম একটু একটু করে দিন আর মেশাতে থাকুন। একসঙ্গে দেবেন না তাহলে এক জায়গায় জমাট বেঁধে যাবে। লেবুর রস দিন। এরারঞ্চ আল্ল জলে গুলে সুপের মধ্যে মিশিয়ে নামিয়ে ছোট বাটিতে ঢেলে পরিবেশন করুন।

ফিশবল সুপ

কী কী লাগবে

ভেটকি মাছ : ১০০ গ্রাম ; ধনেপাতা কুচি : ২ বড় চামচ ; বেসন : ৪ বড় চামচ ; বাঁধাকপি : ১ কাপ কুচি করা ; রসুন কুচি : ১ চামচ ; গাজর : ১ টি ; পেঁয়াজ কুচি : ২ টেবিল চামচ ; স্পিং অনিয়ন কুচি : ১ কাপ ; আদা কুচি : ১ চামচ ; গোলমরিচ গুঁড়ো : $\frac{1}{2}$ চা চামচ ; সাদা তেল : ২ টেবিল চামচ ; ভেজিটেবিল স্টক : ৩ কাপ ; নুন : প্রয়োজনমতো ; কাঁচালঙ্ঘা কুচি : ২টি।

কী করে করবেন

ভেটকি মাছ সেদ্ধ করে কাঁটা ছাড়িয়ে নিন। এতে ধনেপাতা কুচি,

নুন, কাঁচালঙ্ঘা কুচি, ২ বড় চামচ বেসন দিয়ে মেখে বল তৈরি করে তেলে ভেজে তুলে নিন। সমস্ত সবজি ছোট করে কেটে নিন। প্যানে তেল গরম করে পেঁয়াজ কুচি, আদা রসুন কুচি, স্পিং অনিয়ন কুচি দিয়ে হালকা করে ভাজুন। বেসন দিয়ে নাড়ুন। ভাজা হলে ভেজিটেবিল স্টক ও কুচি করা ভেজিটেবিল গুলো দিন। ফুটে উঠলে ও সবজি সেদ্ধ হলে, নুন গোলমরিচ গুঁড়ো, ফিশবল ভাজা দিয়ে ধনেপাতা কুচি মিশিয়ে নামান।

শীতকালে শিশুর সুস্থতা গাইড



শীতকালে শিশুদের সর্দি-কাশি, জ্বর কিংবা শ্বাসকষ্ট যে কোনও সমস্যাই দেখা দিতে পারে। দেখা দেওয়ার আশঙ্কা থাকে জটিলতারও; সময়মতো চিকিৎসা করলে বা সাবধানতা অবলম্বনে শিশুকে সুস্থ রাখা সম্ভব, জানালেন শিশুরোগ বিশেষজ্ঞ ডাঃ অপূর্ব ঘোষ

ছেটু শিশু কথা বলতে কিংবা সেভাবে অঙ্গভঙ্গি করতে না পারলেও কিন্তু কোনও না কোনওভাবে জানান দেয় তার শারীরিক সমস্যার কথা। সে কথা বুবাতে হবে মা-কে। বিশেষ করে সোনামনির ব্যাস যখন ০-৩ বছর। তখন একটু বাড়তি সতর্কতা দরকার। কারণ শীতকালে বেশ কিছু সমস্যা দেখা দিতে পারে কচি কাঁচাদের। সর্দি-কাশি, জ্বর, শ্বাসকষ্ট, নিউমোনিয়া, কখন যে কী হয় বলা যায় না। রোগ-প্রতিরোধ ক্ষমতা কম থাকে বলেই সমস্যা বেশি হয়। তবে একটু সচেতন থাকলে শিশুদের সুস্থ রাখা কোনও কঠিন কাজ নয়।

প্রশ্ন : শীতকাল পড়তেই চিন্তা, এই বুরী শিশুর ঠাণ্ডা লাগল। কারণ এ সময় সর্দি-কাশির প্রবণতা বেড়ে যায়। এর কারণটা কী ঠাণ্ডা আবহাওয়া নাকি পলিউশন?

উত্তর : শীত পুরোপুরি পড়ে গেলে তত চিন্তার থাকে না। তবে শীত পড়ার মুখে অর্থাৎ খুব পরিবর্তনের সময় হাওয়ায় নানারকম ভাইরাসের আনাগোনা বেড়ে যায়। এই ভাইরাসগুলোই মূলত দায়ী সর্দি, কাশির জন্য। ভাইরাস সংক্রমণের উপসর্গ হিসেবে দেখা দিতে পারে হাঁচি, কাশি, নাক দিয়ে

জল পঢ়া, গা-হাত-পা ব্যথা, অঙ্গ স্ফুরণ জ্বর।

প্রশ্ন : উপসর্গ যখন দেখা দিচ্ছে তখনই কী ধরনের ব্যবস্থা নিলে শিশুকে দ্রুত সুস্থ করে তোলা সম্ভব?

উত্তর : এই অবস্থায় সাধারণত কোনও ওয়ুদের দরকার হয় না। শিশুর হাইড্রেশন অর্থাৎ শরীরের জলের যেন ঘাটতি না হয় সেদিকে নজর দিতে হবে। যারা ক্রেস্টফিড করান, তাদের দুধ খাওয়াতে হবে বারবার। যে শিশু সেমি সলিড বা সলিড খাবার খায়, তাদের জল খাওয়াতে হবে বেশি করে। সাধারণ জল থেতে না চাইলে স্ট্রু, সুপ করে জল দেওয়া যেতে পারে।

প্রশ্ন : অনেক সময় নাক বন্ধ হয়ে যায়।

তখন কী করণীয়?

উত্তর : শিশুর নাক বন্ধ হয়ে গেলে,

মুখ থেকে শ্বাস নেয়। তার ফলে বুকে সংক্রমণের আশঙ্কা থাকে।

তাই প্রথমেই শিশুর বন্ধ নাক খোলার ব্যবস্থা করতে হবে। স্যালাইন ওয়াটার বা নেজাল ড্রপ দিলে নাকের এই সমস্যা দূর হয়। শিশুকে এ সময়ে স্ট্যান্ডুফ খাবার খাওয়ালেও শিশু স্ফিন্সের কারণে আর অবশ্যই শিশুকে যতটা সম্ভব বিশ্রামে রাখা দরকার। তাহলে আর সর্দিকাশিতে শিশু কাহিল হয়ে পড়বে না। সর্দিকাশি হলে শিশুকে ক্রেশে বা প্লে স্কুলে না পাঠানোই ভাল।

প্রশ্ন : অনেক সময় এতে কাজ হয় না। শিশুর কষ্ট বাড়তেই থাকে। সেক্ষেত্রে কী করবেন মাঝেরা?

উত্তর : সাধারণত সর্দি-কাশি হওয়ার প্রথমাবস্থাতেই এই ব্যবস্থা অবলম্বন করলে দিন সাতকের মধ্যে শিশু পুরোপুরি ফিট হয়ে যায়। কিছু কিছু ক্ষেত্রে এর থেকে দুর্ধরণের জটিলতা দেখা দিতে পারে। যেমন হাঁপানি এবং নিউমোনিয়া। এর কারণ তখন আর শুধু ভাইরাস নয়, শিশু আক্রান্ত হয় ব্যাকটেরিয়ার দ্বারাও। আর ব্যাকটেরিয়া সংক্রমণ হলে ওয়ুধ খাওয়াতেই হবে। ওয়ুধ সময়মতো না খাওয়ালে জটিলতা বেড়ে যাবে। বিশেষ করে যে

সব শিশুর একটু হাঁপানির প্রবণতা থাকে তাদের সাধারণ সর্দি-কাশিই যে কোনও সময় হাঁপানির পর্যায়ে

পৌছতে পারে। চিকিৎসকের পরামর্শ মতো ওয়ুধ এবং প্রয়োজনে ইনহেলার দিতে হবে।

এখানে একটা কথা বলা খুব জরুরি, অনেক পরিবারে দেখা যায় শিশুর একই সমস্যা

হলোই পুরনো প্রেসক্রিপশন অনুযায়ী দেকান থেকে ওয়ুধ কিনে খাওয়ানো হয়।

এই প্রবণতা খুবই বিপজ্জনক শিশুর পক্ষে। তাই সমস্যা হলে চিকিৎসককে দেখিয়ে তাঁর পরামর্শ অনুযায়ী ওয়ুধ খাওয়াতে হবে।

ডাক্তারবাবুর পরামর্শ ছাড়া শিশুকে কোনও অবস্থায় কোনও ওয়ুধ খাওয়ানো চলবে না।

এ-ও ঠিক সব শিশুরই যে এমন সমস্যা হবে তার কোনও মানে নেই। আগে থেকে এনিয়ে দুশ্চিন্তা না করাই ভাল।

প্রশ্ন : শিশুর শ্বাসকষ্টের ধরন দেখে কোনটা হাঁপানি কোনটা নিউমোনিয়া বোঝার কোনও

উপর আছে কী?

উত্তর : অবশ্যই আছে। প্রধান পার্থক্য

জ্বরের লক্ষণ। হাঁপানি হলে শিশুর

জ্বর খুব একটা বেশি থাকে না।

বুকে একটা সাঁইসাঁই শব্দ হয়।

পুরো লাংস্টাই জীবাণু



সংক্রমিত হয়ে থাকে। কিন্তু নিউমোনিয়া হলে জ্বরের পরিমাণ অনেক বেশি থাকে। তার সঙ্গে প্রচণ্ড কশি— এ সময় শিশুরা দ্রুত শ্বাস নিতে থাকে। নিউমোনিয়ার জন্য দারী বিশেষ ধরনের ব্যাকটেরিয়া, এক্ষেত্রে অ্যাটিবায়োটিক জাতীয় ওযুধ দিয়েই চিকিৎসা করতে হয়। অনেক সময় হাসপাতালে ভর্তি করতে হতে পারে। আবার এ-ও ঠিক, ঠাণ্ডা লেগে শিশুর সামান্য শ্বাসকষ্ট হলেই হাঁপানি বলে ধরে নেওয়া ঠিক নয়। চিকিৎসক পরীক্ষা করে যখন বলবেন রোগটা কী, তখনই তা নিয়ে ভাববেন।

প্রশ্ন : নেবুলাইজার কি ব্যবহার করা হয় শিশুর চিকিৎসায় ?

উত্তর : দেখুন, শিশুর সমস্যা বুরো কী ধরনের চিকিৎসা দরকার তা ঠিক করবেন চিকিৎসক। অর্থাৎ কখন শুধু ওযুধ, কখন ইনহেলার বা নেবুলাইজার দেওয়া হবে সেটা চিকিৎসকের নির্ভয়ের উপর নির্ভর করবে। ইনহেলার এবং নেবুলাইজার দুটো পদ্ধতিই লাঃসে যাতে ওযুথটা ঠিকমতো যায় সেই কারণে ব্যবহার করা হয়। নেবুলাইজার হল একটা ডিভাইস, যার মাধ্যমে ওযুথটা দেওয়া হয়। এক্ষেত্রে রোগীর অবস্থা অনুযায়ী ব্যবস্থা বা চিকিৎসা পদ্ধতি ঠিক করা হয়। শিশুর সমস্যা হলে চিকিৎসকের ওপর নির্ভর করলে, চিকিৎসা পদ্ধতি কী হবে তা তাঁকেই ভাবতে দেওয়া ভাল।

প্রশ্ন : শীতে শিশুকে সুস্থ রাখার উপায় কী ?

উত্তর : প্রথমেই বলি, শিশুর চাহিদা অনুযায়ী পোশাক পরাবেন, বেশিরভাগ ক্ষেত্রেই শিশুকে বাইরের ঠাণ্ডা থেকে বাঁচানোর জন্য মোটা সোয়েটার, উলের টুপি, মোজা ইত্যাদি পরানো হয়। শিশু গরমে ঘেমে আপ্তাগ ঢেক্টা করে সেই টুপি, পোশাক খুলে ফেলতে। কাজেই এমনভাবে শিশুকে পোশাক পরাবেন যাতে না ঘামে কিংবা শীতেও না কাঁপে। অক্ষেত্রে শুক্রতা থেকে রক্ষা করার জন্য ময়শচারাইজার মাখাতে হবে। তবে তেল মাখিয়ে রোদে শিশুকে রাখা চলবে না। শিশুকে তেল মাখালে আবার তা সাবান দিয়ে তুলে ফেলতে হবে। কখনওই কোনও অসুখের ওযুধ মাঝপথে বন্ধ করে দেওয়া চলবে না।

কীভাবে বুবাবেন শিশুর কী সমস্যা

● যদি শিশু স্বাভাবিকভাবে খাওয়াদাওয়া করে তাহলে বুবাবেন সে সুস্থই। আর যদি খেতে না চায়, তাহলে বুবাবেন সমস্যা হচ্ছে।

● খাওয়া কমে গেলে, বমি হলে বুবাবেন কোনও না কোনও অসুস্থতা আছে। পেট কুঁকড়ে কাঁদলে বুবাবেন পেট ব্যথা করছে।

● কানে ইনফেকশন হলে কানে হাত দিয়ে কাঁদতে থাকে। বারবার মাথা ঘোরাতে থাকে।

● গলার ইনফেকশন, জ্বর, কাশি হলে খাওয়া, ঘুম, খেলা সবই কমে যায়।

● শিশুর ঘুম কমে গেলে বুবাতে হবে কিছু সমস্যা হচ্ছে।

● সবচেয়ে বড় কথা ছোট শিশুর প্রধান কাজ বারবার খাওয়া, ঘুমনো আর খেলা করা। এই তিনটের কোনওটা অস্বাভাবিক দেখলেই বুবাবেন কোনও সমস্যা হচ্ছে।

● ৩ বছর পর্যন্ত শিশুর স্বাভাবিক ওজন ১৩ কেজির মতো হয়। এটা হলে বুবাবেন

১১
প্র
থ

আপনার ফুলের জতো শিশুর পেট অথন ডায়রিয়া ছিন্নভিন্ন করে তখন..

আপনার
ডাক্তার
অব জানে

Folcovit®
Folcovit® Distab

ডাক্তারের পরামর্শ বা
নিয়ন্ত্রণে থাবেন

সিনেমার জগৎ^১
সর্বক্ষণই
পরিবর্তনশীল।
হল, টিভি,
ইন্টাৱেনেট,
মোবাইল ফোন
নানা জায়গায়
নানা মাধ্যমে
আজকাল সবাই
ছবি দেখছেন।
সেই নতুন
বিনোদনের
জগৎ নিয়ে
পর্যালোচনা
করেছেন
অভিজিৎ গুহ

ভবিষ্যতের সিনেমা কী



বুনো হাঁস সিনেমায় শ্রাবণী

সিনেমার দর্শক এখন কারা সেই চিরাচরিত আঠেরো থেকে
পঁয়ত্রিশ নাকি যাট পেরিয়ে যাওয়া অবসরপ্রাপ্ত মানুষই সিনেমার
দর্শক? তাই তাই অনেক ক্ষেত্রেই বয়স্ক মানুষের পক্ষে ভিড় ঠেলে
সিনেমা হলে গিয়ে ছবি দেখা অসম্ভব। তাঁদের জন্যে তো বসার
ঘরে টিভি সেটটা আছেই। আয়েসে গা এলিয়ে রিমেট হাতে টিভি
চালিয়ে বসলেই হল। পছন্দ না হলেও সমস্যা নেই, চ্যানেলের
অভিব আছে নাকি। হলে যাওয়া মানে তো একদিকে পরিশ্রম অন্য
দিকে নগদ পয়সা খরচ। মাল্টিপ্লেকের যুগে টিকিটের দাম আকাশ
ছোঁয়া। মধ্যবিত্তের নাগালের বাইরে। তা সঙ্গেও হিন্দির সঙ্গে পাঞ্জা
দিয়ে বাংলা ছবির প্রযোজক-পরিচালকদের লড়াই জারি আছে।

কিন্তু টিভির প্রতাপে কতদিন সেই লড়াই চালানো সম্ভব হবে
বোবা যাচ্ছে না। সর্বোপরি দর্শকের হাতে সময়ই বা কোথায়?
ক'জনই বা আগের মতো নিয়ম মেনে সিনেমা দেখতে যেতে
পারেন?

পকেটে রাখা সেলফোন নামক যন্ত্রটিকে নাড়াচাড়া করেই তো
অর্ধেক সময় কেটে যায়। কথা বলা, ছবি তোলা, দেশ বিদেশের
খবরা-খবর পাওয়া, সব কিছুরই সমাধান ওই একটাতেই। তাই
বোধহয় এবারে ছবির পরিচালকেরা চুকে পড়েছেন ওই ছেট
যন্ত্রটার মধ্যেও। ইউ টিউবে ছেড়ে দিচ্ছেন তাদের বানানো ছেট
ছেট ছবি। কোনওটা দশ মিনিটের, তো কোনওটা আঠেরো। এই

অ
ন
্ত
্র

অবশ্যে পেটের ব্যথা থেকে মুক্তি...

আপনার ডাক্তার সব জানে

Magnate
SUSPENSION

ডাক্তারের পরামর্শ বা অনুমোদন অনুযায়ী ওযুধ নেবেন।

দৌড়ে রয়েছে হাত পাকানো ক্ষুদে পরিচালকের দল যেমন, তেমন দেশে জোড়া নাম ফাঁদের তেমন বড় পর্দার তাবড় ছবি করিয়েরাও।

ক'বছর আগের বাণিজ্য সফল ছবি 'কাহানি'-র পরিচালক সুজয় ঘোষ বানালেন তাঁর প্রথম বাংলা ছবি 'আহল্যা'। আচ্ছা, যিনি এর আগে বেশ কটা হিন্দি ছবি বানালেন, তিনি প্রথম ছোট ছবি তৈরি করতে এসে বাংলা ভাষাই কেন বেছে নিলেন? এটা কি তিনি বাঙালি বলেই, নাকি অন্য কিছু। বড় পর্দার জন্মেও তো বাংলায় ছবি করা যেতো, যেতো নাকি? এর অর্থ কি ধরে নেবো, প্রকৃত অর্থে আন্তর্জাতিক বাজারের জন্য ছবি করতে গেলে সংলাপের ভাষা কোনও প্রতিবন্ধকতা নয়? ছবির নিচে সাব টাইটেল তো আছেই। আর আছে ইউনিভার্সাল সিনেমার ভাষা। এই সম্বল করেই বানানো যায়, খাঁটি সিনেমা। পৃথিবীর যে কোনও প্রান্তের মানুষই সেই সিনেমা দেখে আনন্দ পেতে পারেন। শুধু কথ্য ভাষাই নয়, বিয়য় নির্বাচনেও রয়েছে শাক্ষত ভারতীয় মিথের ছোঁয়া। যদিও গল্পে আজকের চরিত্র, আজকের জীবন। প্রায় সব বাঙালি পরিচালকেরই মনের অভিনেতা সৌমিত্র চট্টপাখ্যায় রয়েছেন ছবির কেন্দ্রে। এই মধ্যে এই ছোট ছবিটাই জনপ্রিয়তা পেয়েছে বিপুল। ইন্টারনেটের রমরমায় 'আহল্যা' আজ প্রাণ পেয়েছে অগুর্নতি দর্শকের মনে। এর অর্থ কী? ইন্টারনেটে সিনেমার ভবিষ্যৎ? এমন একটা মাধ্যম, যাকে একান্তে পেতে সময় লাগে না মুহূর্তকাল। এক সঙ্গে সকলের সঙ্গে বসে বা নিঃস্তুরে একা এর সঙ্গ পাওয়া যায়। ভাল লাগলে বারবার দেখা যায়, একান্ত ব্যক্তিগত সেল ফোনটির মাধ্যমেও। তাহলে কি এটাই ভবিষ্যৎ? বড় পর্দার বিদায়ের দিন সমাপ্ত? 'বেহুর', 'শোলে' কিংবা বাংলার ব্যক্তিগত 'চাঁদের পাহাড়' আর দেখা যাবে না?

কারণ ওই ছোট পর্দায় কি ওসব ছবি মানায়?

সত্তি কথা বলতে কী, শিল্প কোনওদিন থেমে থাকেনি, আর থাকবেও না। অনেকটা খরশোতা নদীর মতো, যে দিকে ফাঁক পাবে চুকে পরবে। বড় পর্দা না সই দেড় বাই এক ইঞ্চিতেই বাজিমাত করবেন এইসব ছবি করিয়ে। হয়তো গড়বেন ইতিহাসও। তাবড় ছবি করিয়ে তো টিভির পর্দাতেও তাক লাগিয়েছেন বারবার। তা সে কিসলক্ষ্মী হোক বা আমাদের চলচ্চিত্র পিতা সত্যজিৎ রায়। বাগম্যানও বানিয়ে ফেলেছিলেন 'সিনস ফ্রম অ্যাম্যারেজ'। বিখ্যাত পরিচালকদের টিভি মিনি সিরিজের অভাব নেই। সেই পথেই এগোবে তাহলে পরিচালকেরা। টিভির ছোট পর্দা ছেড়ে আর ছোট ক্ষুদ্রাত্মক্ষুদ্র পর্দায় ফুটিয়ে তুলবেন তাঁদের স্বপ্ন, কারণ স্বপ্ন তো দেখা যায় মনের পর্দায়, তার দৈর্ঘ্য-প্রস্থ, ইঞ্চি-ফুট বা মিটারের নয়, ভাবনার ওজ্জল্যে মাপা হবে। কঞ্জনার ধারে বালসে উঠবে সে। আমি নিশ্চিত এমন শিল্পী আজও ঘড়িয়ে আছেন আমাদের মধ্যে। শুধু প্রকাশ পাওয়ার অবসর। অনামী থেকে নামী, নতুন থেকে পুরনো, বয়স্ক থেকে নবীন এই চলচ্চিত্রকাররা কিন্তু শুরু করে দিয়েছেন তাঁদের কাজ।

কলকাতায় আমাদের বন্ধু টোনি মানে অনিবাদ্ধ বায়চৌধুরি ও ভিন্ন ধারার ছবি করেছে অ্যালিন, শেষে 'বুনো হাঁস' করে বাংলা ছবির বড় বাজার ধরার চেষ্টাও চালিয়েছেন। সাফল্যও পেয়েছেন। তিনিও ইউ টিউবে ছেড়েছেন একখানি ছোট ছবি, 'দেরী'। বিদেশ থেকে আসা এক মহিলা যিনি এ শহরেরই মেয়ে, বড় হয়েছেন এই মাটিতেই, দেশে ফিরে আসছেন দু যুগ পর আর সঙ্গে তাঁর মেয়ে, যে কেবল এ শহরের গল্প শুনেছে মায়ের মুখে, চাক্ষুস করেনি। এই দুই প্রজন্মের দুই মহিলার এই শহরটাকে, মানুষগুলোকে নতুন করে দেখা নতুন চোখে দেখার গল্প শোনানো হয়েছে। বাংলা ভাষায় তৈরি একান্ত বাংলা ছবি। এই বায়ুমণ্ডলে



অহল্যার হিয়োটিন রাধিকা আপ্তে

ছোট ছোট ছবিগুলোকে উড়িয়ে দেওয়া বা ভাসিয়ে দেওয়ার এই নতুন ভাবনা খুবই চমকপ্দ। এতে ছবি করিয়ে আর তার দর্শকদের মধ্যে তৃতীয় কোনও কিছুই থাকে না। মোগায়োগটা একেবারে সরাসরি। কোনও বাণিজ্যক চাপান-উত্তোর নেই। নেই কোন বাঁধাগতের কমপ্রোমাইজ। এই ভাবনাটা একজন পরিচালকের কাছে সতীই খুব আহ্লাদের কারণ ঘটায়। তবে বাণিজ্য বিনা তো সিনেমার মতো মহাযজ্ঞ স্বত্ত্ব নয়। এতগুলো ধাপের মধ্যে দিয়ে সিনেমাটা তৈরি হয়, এতগুলো মানুষের পরিশ্রম সিনেমা দাবী করে যে, লঁগির পরিমাণ খুব কম করা প্রায় অসম্ভব। সে ক্ষেত্রে ইউ টিউবের মতো সাইটগুলোর সাহায্যে যদি অর্থ সংগ্রহ করা যায়, জনপ্রিয়তার মাপকাঠিকে হাতিয়ার করে যে দর্শক ছবিগুলো দেখছেন তাঁদের থেকে সামান্য কিছু অর্থ সাহায্য পাওয়া যায় তাহলে বিশ্ব বাজার থেকে পয়সা তোলাটা হয়তো তেমন সমস্যা হবে না। বিভিন্ন পরীক্ষামূলক ছবি তৈরি হবে, চর্চিত হবে, দর্শকের ভালবাসা পাবে। খুলে যাবে সিনেমার নতুন দিগন্ত।

জানি যত সহজে লাইনগুলো লেখা হল, বিয়টা তত সোজা হবে না। কিন্তু বড় বাজেটের বাণিজ্যিক ছবির বাইরে গিয়ে, বিশেষত আঞ্চলিক সিনেমা নিজেদের প্রকাশ করার একটা পথ খুঁজে পাবে। সেটা কিন্তু অন্যভাবে সমগ্র সিনেমা শিল্পের উপকার করবে। কারণ পরীক্ষা-নীবিক্ষা ছাড়া কোনও শিল্প মাধ্যমেরই বিকাশ ঘটে না। এক চর্বিত চৰ্বন দেখতে দেখতে দর্শক মুখ ঘুরিয়ে নেয়, পরিবর্তন স্বাদ বদলাতে সাহায্য করে। দর্শকের আকর্ষণ সিনেমা নামের শিল্প মাধ্যমটির প্রতি দুর্নিবার রাখতে হলে নীরিক্ষার পথ বন্ধ রাখলে চলবে না। আর তাতে এই নতুন মাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে এ বিশ্বাস ভুল নয়।

কুঠুর ডাক

অপরাজিতা কোনার

জয়ের পরে পরেই, যে হিয়াবিদীর্ঘ কানাটা
কেঁদেছিল মেয়েটা,
বড় মিষ্টি লেংগেছিল আনকোরা বাবার মনে।
তাই বোধ হয় মেয়েটার নাম রেখেছিল—‘কুঠ’।
মেয়েটা যতখানি মায়ের ছিল,
ঠিক-তথানির একটু বেশিই ছিল বাবার।
বাবার মেয়ে, আর মেয়ের বাবা...
এইটুকুই সীমাবদ্ধতা,
সীমাবদ্ধতা একপকার ছিলও
আবার ছিল ও না।
পৃথিবীতে কিছু কিছু বিষয় থাকে।
যা সীমার মাঝেও অসীম।
অবধারিতভাবে কুহন্দের একটা বাড়ি ছিল।
বাড়িতে বাসন ছিল, বসন ছিল, ঘড়ি, পাখা,
আসবাব, টাকা কড়ি আর ‘মা’ ও ছিল।
কুহন্দের বাবা জনপ্রিয় ছিল, কুহন্দ খুব মিশুকে ছিল,
তাই বাড়িতে লোকের আনাগোনাও ছিল খুব।
কুহন্দ কিছু খেলনাপাতি, খেলার সাথী,
তাদের সাথে দুষ্টুমি, ছুটোছুটি, হাত পা ছড়া
সবই ছিল;
কিন্তু সব ছিল গুলোর গায়ে গায়ে
কী যেন সব ছিলও না।
কী ছিল না সবাই জানতো, বাবা ও জানত।
কুহ ও কী জানতো সে সব?
জানতো বোধহয়, বুঝতো না ঠিক।
কুহন্দ একটা নিজের মত জগৎ ছিল।
খেলার জগৎ, পুতুল খেলা।
সারাদিন পুতুলের ঘর গোছগাছ করত,
মেয়ে পুতুলকে কমে সাজাত,
ছেলে পুতুলের সঙ্গে বিয়ে দিত ব্যাস!
তারপর দিন আবার প্রথম থেকে শুরু হত...
বিয়ের পরের খেলাটা কুহ আর খেলতে পারত না।
রূপকথার বই পড়ে পড়ে কুহ বুঝি নিজেকেই
কাল্পনিক চরিত্রও করে তুলেছিল।
কুহন্দ অন্তর যেমন করে বুবাত ওর বাবা,
আর কেউ বুবাত না।
কুহ যে খেলাটা পুতুল ঘরে এগিয়ে নিয়ে যেতে
পারত না সেটার ব্যবস্থা করল সেই বাবাই।
ছেট কুহন্দ কোলের কাছে এল রক্ত মাংসের
জ্যান্ট একটা পুতুল।
এবার আর খাটের তলায় ঢুকে
চিনের বাঞ্জে ছেট পরিধির খেলা নয়,
বাবা তো ছিলই, মাকেও সঙ্গে নিয়ে
এই খেলাটা খেলতে খেলতে বুঁদ হয়ে
হঠাৎ বড় হয়ে গেল কুহ।
সম্ভিত ফিরতে ফিরতে অনেকটা বড় হয়ে গেছে সে।
এই সময়ে বয়ে গেছে অনেক বাড়, হয়ে গেছে অনেক প্লাবন।

ধৰংসন্ত্বের উপর দাঁড়িয়ে, নিজের শৈশবটাকে
আর একটু তাড়িয়ে তাড়িয়ে উপলব্ধি না করতে পারার যন্ত্রায়
ছটফটিয়ে বাবার কাছে গিয়ে করণ আর্তি
'বাবা কত বড় হয়ে গেলাম আমি'—
বাবা বলল, পাগলি আমার;
'বাবার কাছে মেয়ে বুঝি বড় হয় কখনও?'
কুহ আশ্বস্ত হল, কুহ বরাবরই বাবার কথায়
আশ্বস্ত হয়েছে।
কুহন্দ আবার একটা নতুন জগৎ শুরু হল,
স্বপ্নের জগৎ; ঘর বাঁধার স্বপ্ন।
অনেকটা বাবার মত এক স্বপ্নের পুরুয়ের সন্ধান।
কল্পনা আর বাস্তবের দেওয়ালে।
ধাক্কা খেতে খেতে শুরু হল,
আর এক অভিযান।
কুহন্দ মুখের দিকে তাকিয়ে এখানেও
বাবা তার পাশে এসে দাঁড়াল,
কিন্তু শেষ রক্ষা হল না।
বাবার বয়স বেড়েছে, কুহ আর শুধু বাবার
শক্তিতে উঠে দাঁড়াতে পারছিল না।
তখনই সূর্যের রশ্মির মত এক
তেজদৃশ্প পবিত্র আলোক বিছুরিত হল কুহন্দ উপর।
সে আভিশাসে বলীয়ান হয়ে উঠে এল উপরে।
তখনও পাশে তার দাঁড়িয়ে ছিল বাবা।
বারবারে রোদ্দুময় সুন্দর একটা
সকালে সে স্পষ্ট দেখেছিল
তার বাবাকে, মাথায় হাত বুলিয়ে দিচ্ছে।
এবার কুহ ঘুমালো, এমন শান্তির ঘূর
সে ঘুমায়নি কখনও।
ঘুমায়নি তার মতো কত কুহ
শত সহস্র বছর ধরে।
এই ঘুমের অপর প্রাণ্তে কী আছে কেউ জানে না।
কারণ সে ঘুমের মধ্যে কুহ শুনতে পাচ্ছে তার ভিতর গজিয়ে ওঠা
আর এক কুহন্দ ডাক আর তার বাবার গলা ক্রমশ দূর হয়ে যাচ্ছে।

তোমায় খুঁজি

শিবানী সেনগুপ্ত

কৃষঞ্জুড়ার স্পর্শে বাতাস মেলে দিলো ডানা,
এই কথাটা তোমায় আজ বলতে নেইকো মানা,
আকাশ তোমার ঠিকানা, আমার প্রাণপ্রদীপ.
তোমায় ছুই কেমন করে, পথ যে আমার অজানা,
নীল আকাশে তোমার সঙ্গে ভাসতে আমি চাই,
মনে মনে আকাশদীপের ছোঁয়া যেন পাই,
নানা রং-এর স্বপ্ন দিয়ে তোমায় রাঙাবো আজ,
দখিনা বাতাস চুকতে দিয়ো হাতে রেখোনা কাজ।
নবজ্যের প্রভাতে, তোমায় চাই যে সাথে,
তখন তোমার হাতটি ধরে নীল দিগন্তে যাব উড়ে.
জড়িয়ে তোমায় বুকের মাঝে নিশ্চিন্তে সকাল সাঁৰো।
কাটছে জীবনতরী
স্বপ্ন আমার সত্যি করে, সকল আশা উঠবে ভরে,
তোমার আমার দুজনেরই ভালবাসার ঘরে।

গোশা কি বাহার



ଏକଟୁ ଶୀତଳତା, ଅନ୍ଧ ଉଷ୍ଣତା

ଶୀତ ମାନେଇ ସାଜଗୋଜ । ରଙ୍ଗିନ ପୋଶାକ, ଉଷ୍ଣ ପୋଶାକ । ତବେ ଉଷ୍ଣ ପୋଶାକେରେ ଆହେ ରକମଫେର,
ସ୍ଥାନ, କାଲ, ପାତ୍ର ଓ ଶୀତଳତାର ନିରିଖେ । ତାରଇ କିଛୁ
ଟିପ୍ସ ରହିଲ ସୁଦେଖଣା ରାୟ-ଏର କାହିଁ ଥେକେ

ଶୀତ ବଲତେ କଳକାତା ବା ବାଂଲାଯ ପୌଷ, ମାଘ । ତବେ ଏହି ଶୀତ ହଲ
ଉତ୍ସବେର ସମୟ, ବିଯୋର ସମୟ, ପିଠେ ପାର୍ବଣ, ବଡ଼ ଦିନ, ଇଂରେଜି
ନତୁନ ବଚର, ମେଲାର ସମୟ ।

ତାଇ ସାଜପୋଶାକ ଓ ଶୀତ ଓତେପୋତଭାବେ ଜଡ଼ିତ । ତବେ
ଶୀତର ସାଜ ଏକଟୁ ଅନ୍ୟ ପ୍ରକାରେରେ । ଶୀତେ ଖେଳ ଯାଇ ରଙ୍ଗ ନିଯମ
ଆର ଉଷ୍ଣ ପୋଶାକ ନିଯମ ।

- ଆଜ ଅନେକ କିଛୁ ପାଲେ ଗେଛେ, ରାତି ରେଓୟାଜ ପରିବର୍ତ୍ତନ
ହେଁବେ, ତାଇ ମହିଳା ବା ପୁରୁଷଦେର ପୋଶାକେତେ ଏସେହେ ପରିବର୍ତ୍ତନ ।
ଏକସମୟ ଶୀତକାଳେ ମହିଳାଦେର ପୋଶାକ ଛିଲ ସିଙ୍କେର ଶାଡ଼ି, ସଙ୍ଗେ
ରଙ୍ଗିନ ଶାଲ ବା ଗରମ କଟ୍ସଟଲେର ବ୍ଲାଉଜ । ଆର ପୁରୁଷର ପରତେ,
ସ୍ୱଟ, ଟାଇ ଓ ଓଯେସ୍ଟ କୋଟ । ଯାଁରା ଦିଶି ପୋଶାକ ପରତେନ ତାରା
ଧୂତି ବା ପାଜାମାର ସଙ୍ଗେ ସିଙ୍କେର ପାଞ୍ଜାବି, ଶାଲ ବା ହାତକାଟା ଥାଦି
ଜ୍ୟାକେଟ ପରତେ ।
- ଆଜ ମେଇ ସିଙ୍କେର ଶାଡ଼ିର ସଙ୍ଗେଇ ଶୀତେ ପରହେନ ଅନେକେଇ
କ୍ଷିଭି ବା ପୋଲୋ ନେକ ସୋଯେଟାର । ପରହେନ ନିଟେ ବ୍ଲାଉଜ । ବା
ଭେଲଭେଟେର ଲାଇନିଂ ଦେଓଯା ବ୍ଲାଉଜ ।

- କେଟ କେଟ ଆବାର ଶାଡ଼ିର ସଙ୍ଗେ
ଲଂ କୋଟ ବା ଲଂ କ୍ରେଶେ କରା
ଜ୍ୟାକେଟେ ପରହେନ । ଆବାର ସ୍ଫାର୍ଟ-
ଏର ସଙ୍ଗେ ଲଂ ଉଷ୍ଣ କୁର୍ତ୍ତା, ଓଯେସ୍ଟ
କୋଟ କିଂବା ଶାଲାଓ ଦାରଣ
ଟ୍ସଟିଲିଶ ପୋଶାକ ।

- ଛେଲେଦେର କ୍ଷେତ୍ରେ ଜିନ୍ସ,
ସଙ୍ଗେ ପୋଲୋକେ ପୁଲୁଓଭାର,
ବା ହୃଦେ ଜ୍ୟାକେଟ କ୍ୟାଜୁଯାନ
ଶୀତର ପୋଶାକ ହିସେବେ
ଆଦର୍ଶ ।


- ବିଯୋ ବାଡ଼ି ବା ଅନ୍ୟ
କୋନ୍ତେ ନିମ୍ନରେ ଫେନ ସିଙ୍କେର
ପାଞ୍ଜାବି, ଚୁଡ଼ିଦାର ଓ ସଙ୍ଗେ କାଜ
କରା ଓଯେସ୍ଟ କୋଟ ଅଥବା ମେଲ୍ଫର
ଏମବେଦ ଓଯେସ୍ଟ କୋଟ ଫ୍ୟାଶନ
ଦୁରସ୍ତ ପୋଶାକ ।

- ଏ ବଚର ମେଯେଦେର
ଆଧୁନିକ ପୋଶାକ
ହିସେବେ ପାଲାଜୋ ଓ
ସଙ୍ଗେ ଲଂ କୁର୍ତ୍ତା ଖୁବି
ଫ୍ୟାଶନେବଳ ।
ପାଲାଜୋର ଉପର ଲଂ
କୋଟେ ଦାରଣ ମାନାନସଟି



অপরাজিতা

অনুপ ঘোষাল



মালতীকে দেখতে আহামির নয় মোটেই। রং ফরসা আর মাথায় একচাল চুল, ব্যস। আসল পুঁজি তার গাঢ় গতরখনি। এতেই বাজার মাত। নাক চাপা এবং চোখ ছেট হওয়া সঙ্গেও পাতলা ঠোঁটের ফেমে মুক্তোর সারির মতো উজ্জল দাঁতের একটু অন্যরকম মিষ্টি হাসির দৌলতে আলগা চটক। সবচেয়ে নজরে টানে তার উদ্ধৃত শরীরের বাঁকগুলো। দেহের দাপটে এ লাইনে মেয়েটার দারুণ কদর। ঝানু খন্দেরো ওকে নিয়ে টানাহ্যাঁচৰা করে, অবশ্য যদি পকেটের রেস্তয় কুলোয়। মালতীর রেট চড়া। এলেবেলে পাটির তাকে পাকড়াবার হিম্মত কোথায়?

এ মফস্বল শহুর। কলকাতা তো নয়। চমকানো সুন্দরীরাও সেখানে লাইনে বাঁপিয়ে পড়েছে। হোটেলের সুইটে কিংবা বাঁচকচকে ফ্ল্যাটে। পেগারের পাতা ওল্টালেই বিস্তর 'ব্যক্তিগত' বা 'ফ্রেন্সিপ'-এর বিজ্ঞাপন। মধুচক্রে ম-ম করছে মহানগরী। এই এলাকাটা পুরো শহুর না হলেও গঞ্জ বটে, কিন্তু ইজত নেই। এখানে সন্দে নামনে যে মেয়েকাটি বাসস্ট্যান্ডের কোনায় আধো অন্ধকারে ঘুর ঘুর করে, তাদের চেখে দেখতে গেলে বাবুদের বমি হয়ে যাবে। রাজধানীতে রাসিকের জাতের বিচার নাই। বনেন্দি ব্যবসায়ী বা বিদ্যানবাবুরা কিংবা রাজনীতির কেন্দ্রবিহুদের অনেকেরই লাল-আলোয় গতায়ত আছে। দাপুটে মানুষজন সেখানে পকেটের হিম্মতে নিয়ে আসে রোশনাই। গরিবগুরোরাও সেখানে পিছিয়ে থাকে না। কলকাতায় কুলিকামিন, ঠেলা বা রিকশাওয়ালাদের ভিন্ন ঠেক, অন্য ব্যবস্থা। রসাস্বাদনে খামতি নেই কারণই।

মফস্বলে মধ্যাবিহুদের বুক কবুতরের মতো। সাহস কম, লজ্জা বেশি। তারা ইচ্ছেভান্না মুড়ে রাখে চার দেওয়ালের গভিতে। এই গঞ্জেও খন্দের সব—বাসের খালাসি, মুটে বা মজুর, গ্যারাজের মিষ্টি আর তেলেভাজা কিংবা পানবিড়ির দোকানদার। বাবুগোছের দু'চারজন যে বেপরোয়া হন না, তেমন নয় ; তবে তাঁরা এলেবেলে মেয়ের দিকে নিতান্ত নিরূপায় না হলে নজর তোলেন না। তাঁদের চোখ মালতীর দিকে। এ-লাইনে তাগড়া শরীর আর ফরসা চামড়ার চড়া দাম। সেই দাম বিবিগঞ্জের দু-চারজন হাফবাবু সিকিবাবু গুণতে রাজি।

অতএব মালতী লাইনে নতুন হলেও বেশ জমিয়ে বসেছে। নতুন মানে, কাঁচা কিছু নয়। বহুরখানোকের মেয়েটাকে কোনে নিয়ে যখন পেটের দায়ে লাইনে নাম লিখিয়েছিল, তখন থেকে ছ'-ছাঁটা মাস কেটে গেছে। দিবিয় কেটে গেছে। দিবিয় মানে, রোজগার

চমৎকার। মাসি আর দালাল-পুলিশদের দিয়ে খুয়ে বেশ ভাল অঙ্কই টিকে যায়। ছ'মাসে খানিক গুছিয়ে নিয়েছিল, হঠাৎ...

২

এই হঠাৎ নামক ঘটনাটা বলার আগে মালতীর মতো এক সাধারণ মেয়ে, মানে নিতান্ত ছা-পোষা গৃহবধু কী করে এমন পেশায় এল — সেই বৃন্তস্ত খানিক জানিয়ে দেওয়া দরকার। এবং সাধারণত যা হয়, জোর করে কিংবা ফুসলে নিয়ে এসে লাইনে ফিট করে দেওয়া — তেমন কিছু নয় কিন্তু। মালতী স্বেচ্ছায় এসেছে। ওকে কমলি পথ চিনিয়ে দিয়েছে। তারপরে সে নিজে চলে এসেছে। কারুর হাত না ধরেই। এবং শরীরগুণে, কপালগুণে পসার জমিয়ে ফেলেন্তে কটা মাসেই। তারপর তো বেশ ছিল।

ছিল! এখন নেই কেন? সেটাই আজকের গল্প।

জীবনটা মালতীর দুঃখ দিয়ে শুরু। তাতে কিছু যায় আসেনি। কারণ দূর সম্পর্কের এক পিসি, কেন কে জানে, তাকে মায়ের মতোই ভালবাসত। মা-বাপ শৈশবে মরেছিল, কাকাজ্যাঠৰা দেখেনি। উদ্বাস্ত হতে হয়েছিল পাঁচ-ছব্বিশ বয়সেই। তাতেও ভেঙে পড়ল না, কারণ সেই পিসিই তখন তাকে আশ্রয় দেয়।

আগে বাঁচাটা কর সহজ ছিল। বিয়ের আগে। তারপর স্বামীর ঘরে মাসকয়েক বাড়ুবাপ্টার পর পিসির বাড়িতে ফিরে আসা। অতপর ফের কাণ্ড। পালাতে পালাতে এই ঘাটে যখন ঠেকল, তখন কিছু স্বিন্ত। সুখের ছাঁয়া। সুখ মানে তো টাকা! আর সেই টাকায় খাস জমিতে মাটির দেওয়াল আর টালির চালার চমৎকার একটা ঘর তুলেছিল মালতী। সামনে এক চিলতে বারান্দা, কোনে রান্নাঘর। বেড়া দিয়ে যেৱা বেলি আর নয়নতারার একটুখানি বাগান ও একটি চৌকি, মিটসেফ, আলনা এমনকী ছেট আলমারিও কিনে ফেলেছিল একখানা। ক'মাসের রোজগারে তুমল বদল জীবনে। খুলতে হল জনধন যোজনার ক্ষিমে ব্যাংকে একটা পাসবইও। সেখানে খরচটোচ বাদ দিয়ে মাসে হাজার বারোশো করে জমা হয়েছে হাজার সাতকে। আর কিছুদিন পেরলে ভদ্রলোক বনবার দাখিল।

ছেট্ট বাড়িটাকে মালতী সুন্দর করে সাজিয়ে রাখে। বি এল আর ও তে তদ্বির করে এসেছে। তার নিজের নামে একটা পাট্টা বেরোলেই দু'খানা পাকা ঘরের স্বপ্ন যেভাবে হোক সত্তি করে তুলবে সে। তার এই ঘরে কখনও খন্দের এনে তোলে না। বাসগৃহ হচ্ছে, মালক্ষ্মীর থান। তাঁর অসম্মান কি হতে দেওয়া যায়?



সহকর্মীরা বলেছিল, ব্যবসা যখন— সেও তো লক্ষ্মী। ঘরে আনলে রোজগার বেশি হয়। দালাল কিংবা পুলিশকে ‘কটান’ দিতে হয় না। বরং খদ্দেরের গলায় চোনাই দেলে ঝুঁশটা খানিক চটকে দিয়ে খাবলে নেওয়া যায় বাড়তি পাস্তিও। সে-সুযোগে প্রতিবেশী পদ্ম কিংবা পার্বতী কেউই ছাড়ে না। কিন্তু মালতী রাজি নয়। তুলসী তলায় সে সন্ধানপীপ দিয়ে কাজে বেরোয়। ভেরবেলা দরজার ঢোকাঠে জল ছিটোয়। বাসগৃহ তো মন্দির, তাকে অপবিত্র হতে দেবে কেন?

পবিত্র-অপবিত্র কেনও টানাপোড়েন নেই। যখন সঙ্গেয় স্নান করে খোঁপা রেঁধে ঠাঁটে-গালে রং চাপিয়ে চকচকে শাড়িজামা পরে সন্ধানপীপ দেয় মালতী, মন্টা ওর তরে ওঠে। তারপর বাসস্টানে নির্দিষ্ট কোনে দাঁড়িয়ে খদ্দেরদের সঙ্গে দরদস্তুর করে, কোনও আপশোস থাকে না। এটাকে সে পেশা অর্থাৎ কাজ বলেই মনে নিয়েছে। বেঁচে থাকার কাজ—নিজে বেঁচে থাকা, বাঁচিয়ে রাখার কাজ— মেয়েটাকে বাঁচিয়ে রাখা।

এই অন্যরকম জীৱনটা নিয়ে মালতী বেশ ছিল। হঠাৎ কোথাকে খৌঁজখৰ নিয়ে গাঁ থেকে নিতাই এসে বিবিগঞ্জে হাজিৰ। ও সকালবেলা রান্নাঘরে মুনির জন্য ফোটানো দুধ জুড়েছিল। আচমকা ‘সোয়ামি’কে দেখে বুকের মধ্যে একুখানি শিশুণ জাগলেও চট করে নিজেকে সামলে নিতে পারল। মুখের পেশি শক্ত হয়ে উঠল মুহূর্তেই। মনে পড়ল বিগত বিগত সময়টার কথা।

৩

দয়া দাক্ষিণ্য নয়, দস্তুর মতো পণ নিয়েই মালতীকে বিয়ে করেছিল নিতাই। অবস্থা তাদের মন্দ ছিল না। দিনমজুর হলেও পৈতৃক ভিট্টেকু আছে। এবং ভিট্টে সংলগ্ন বিদ্যা দেড়েক আবাদি জমিও। নিতাই-এর বাপ দিগন্বর হিসেবি। আরও চার বিদ্যা বর্গাদারি করে সম্বন্ধের চাল-গম জোগাড় করে ফেলে। মেয়ের বিয়ে দিয়েছে চৌকিদারের সঙ্গে। শক্ত খুটি। একমাত্র ছেলেটাকে নিয়ে তার আর ভাবনা কীসেৰ!

মালতী মা-বাপ মরা যেয়ে। এক দূর সম্পর্কের পিসির কাছে মানুষ। খাদ-কাপড়ের বিনিময়ে পিসে আর পিসতুতো দাদা তাকে দিয়ে যাবের কাজ করিয়ে নিত। তবু মালতীর সেই দিনগুলো ভাল লাগত। পিসিটা তাকে ভালবাসত সত্যিই। নিজের পিসি তো নয়, বাপের মামাবাড়ির সম্পর্কিত বোন। কিন্তু মহিলার মধ্যে মনুষ্যত্ব ছিল। ভালমানুষ বলেই না ছেটবেলায় বাপমা কলেরায় মরলে তাকে ঠাঁই দিয়েছিল। ভালবেসে বড় করে তুলেছিল তাকে। শাসন করত, তবে সেটা সন্তানের মতোই। নিগেন তার একমাত্র ছেলে। মেয়ে তো ছিল না। পিসি নিজের মেয়ের মতোই দেখত তাকে। বাড়ির কাজকর্ম করতে হত ঠিকই, তবে বই খুলে নিগেনদাদার পাশে পিসি তাকে রোজ পড়াতে বসাত। স্কুলে ভর্তি করতে চেয়েছিল, পিসে কিছুতেই রাজি হল না। সে গলা চড়িয়ে বলল, খাইয়ে পরিয়ে এত বড় করলাম, এবার কাজের মেয়ে এনে মাইনে গুলতে বসব নাকি! নেখাপড়া শেখালে মোটা পণ দিয়ে মানানসই জামাই আনবে কে? পিসি আঁচলে চোখের জল মুছ বলেছিল, ছঃ, অমন কথা বল কেন? মালতী আমার মেয়েই।

পিসিদের অবস্থা বেশ ভালই ছিল। গেবস্ট ঘর। বিষে বারোতেরো দো-ফসলি জমি। দুজোড়া বলদ মাটির দেওয়াল হলেও টিনের চালায় ঢাকা দোতলা শক্তপোক্ত বাড়ি। পিসেরা অনায়াসে একজন ঠিকে যি রেখে মা-বাপ মরা মেয়েটাকে স্কুলে পাঠাতে পারত। তাকে একটু মানুষের মতো মানুষ করে গড়ে তুলতে কোনও অস্বীকৃতি ছিল না, কারণ মালতীর লেখাপড়ায়

আগ্রহ ছিল খুব। মাথাটাও ছিল পরিষ্কার। নিগেনদাদা তার চেয়ে বছর তিনেকের বড়। পিসি দুজনকে একসঙ্গেই অ-আ-ক-খ শিখিয়েছিল। আঁক কষতে শুরু করেছিল দুজনে পাশাপাশি। কিন্তু মালতীর সঙ্গে সে কিছুতেই পেরে উঠত না। নিগেনদাদা নিচু ক্লাসে যখন পড়ত, কতদিন মালতীর কাছে গুন-ভাগ করিয়ে নিয়ে গেছে। পিসি মেয়েটার বুদ্ধি আর আগ্রহ দেখে রোজ বিকেলবেলা তাকে পাশের বাড়ির পারলনের কাছে পাঠিয়ে দিত। পারলু মালতীরই সমবরণসী। স্কুলে যায়। দুজনে কুল পেয়ারা পাড়তে গিয়ে ভাব জমিয়ে ফেলেছিল খুব। সেই পারলনের বইখাতা দেখে নিজে নিজে পড়তে পড়তেই অনেকটা লেখাপড়া শিখে ফেলেছিল মালতী।

পারলনের অবস্থা পিসিদের মতো নয়। খুব গরীব। ওরা চার বোন, ভাই নেই। বাবা ভাগচারি। পারলনের গায়ের রং মালতীর মতো ফরসা নয়, কালো। সে বলত, তোর মতো যদি আমার মাথা থাকত, পাস করে চাকরি বাকরি করতাম। দিদিরা সব বড় হয়ে গেছে। বাবা বিয়ের জোগাড় করতে পারছে না। আমি চাকরি পেলে দিদিরে সব বিয়ে দেব।

আট দশ বছরের মালতী আবাক হয়ে পারলনের উচ্চাশার কথা শুনত। সে-ও তো এক অভাগী। তারও চোখের সামনে কত রং বেরেঙের স্থপ্ত খেলা করত। কিন্তু তার তো স্কুলে যাওয়ার পথ বদ্ধ। জানে— পারলু যদি বা চেষ্টা করে পারে, ও কথমওই ওর উজ্জল স্বপ্নগুলোকে সত্যি করতে পারবে না।

পিসির কাছে শুয়ে একদিন খুব আবদার করেছিল মালতী। সে পারলনের, নিগেনদাদাদের সমস্ত অংক কয়ে ফেলেছে; সব বই তার পড়া। যদি একটু উচু ক্লাসে টু বা থ্রি-তে তাকে ভর্তি করে দেওয়া হয়, ও নিশ্চয় পারবে। বাড়ির সব কাজকর্ম করেও ও ঠিক স্কুলের পড়া তৈরি করে নেবার সময় বের করে নেবে।

পিসি মাথায় হাত বুলিয়ে দিল। রাজিও হল। পরদিন সকালে স্বামীর সঙ্গে বাগড়াও করল খুব। কিন্তু সেই পাষণ্ড মানুষটার মত আদায় করতে পারল না।

কপাল মন্দ হলে যা হয়, তার সেই পিসিটাও ক'মাস পরে এক বৈশাখের রাতে খৰিসের ছোবল খেয়ে পরলোকে পালাল। মালতীর শেষ সম্বলটুকুও মুছে গেল পৃথিবীর বুক থেকে। পিসির খুব শখ ছিল, আনাখিনী মেয়েটাকে বিয়ে থা দিয়ে থিতু করে যাবে জীবনে। হল না।

দিনে দিনে বড় হয়ে উঠল মালতী। ঘরে সোমন্ত মেয়ে। পিসে চাইল, তাকে ঘাড় থেকে নামাতে। দখিন পাড়ার নিতাই-এর সমন্বন্ধটা সে ছাড়ল না। কটা টাকা খসছে, খসুক। বেয়াড়া বয়েসে ছাঁড়ি বাড়িতেই কোনও কাওঁ ঘটিয়ে না বসে।

নিতাইকে মোটেই পচ্ছদ ছিল না মালতীর। চেনা মুখ। ফস্টেস্ট করে বেড়ায়। তাড়ি-ভাঙের অভ্যেস আছে। বাটুভুলেপনার জন্য আড়তদার হরি সামন্তের গুদামে তার চাকরিটা গেছে কদিন আগে। কিছুদিন তো তার বাঙ্কীর পারলনের সঙ্গেই চালাল খুব চলাচলি। পিসে সেই অমানুষটার সঙ্গেই দিল বেচারিকে গেঁথে।

আসলে নিতাই-এর বাপ দিগন্বর ছেলের চারিত্রির মেরামতের আশায় মালতীর মতো মমতাময়ী মেয়েকে ঘরে এনেছিল। বছ চেষ্টা করেও হার মানল মালতীও। কিছুদিন যেতেই ও লক্ষ করল, নিতাই নানা আজুহাতে রাতেও বাড়ি ফিরছে না। সে নাকি পাশের পাঁয়ে মনসাগানে পাঠ পেয়েছে। হাড়িচাঁচা গলায় কেমন গান গাইবে ভগবান জানে! মালতীর কেমন সন্দেহ হল পালার গাইয়ে যদি, সে শোনেন কেন এতদিন? কিন্তু এখন বিশ্বাস না করেই বা উপায়! পেটের মধ্যে আর একজন যে নড়াচড়া শুরু করে দিয়েছে।

হঠাতে একদিন খবর এল, চোলাই মদ চালান করতে গিয়ে নিতাই আবগারি দারোগার হাতে ধরা পড়েছে। এক রাত হাজতে থেকে একেবারে সদয়ে চালান। আর কোনও ফৌজ পাওয়া গেল না। বাপটা এমন পাষণ্ড, ছেলের জন্য তদবির করতেও গেল না।

এক মাঝারাতে মুখে ভুরভুর গন্ধ নিয়ে নিজের বিছানায় দিগন্বরকে দেখতে পেয়ে লাফ দিয়ে উঠল মালতী। এক ধাক্কায় বুংগে টিংপটাং। নাকি সুরে চিচি করছে, ভাতার মানে জানিস? আমিই তোর ভাতার, যে ভাত দেয় সেই ভাতার কি না!

মালতী সেই রাতে দোড়ে গিয়েছিল শাশুড়ির কাছে। বিচারের আশায়। আশ্রয়ের জন্য। কিন্তু এমন মহিলা মালতী জন্মে দেখেনি। স্বামীর এত বড় কাণ্ডের কথা শুনে বুঢ়া মুখ বামটা দিয়ে বলল, নেকি! হাই তুলে মুখ ঘুরিয়ে শুল। কোনও বিকার নেই।

সিদ্ধান্ত নিতে দেরী করেনি মালতী। সেই রাতের অন্ধকারেই আমাবস্যার নক্ষত্রাচিত আকাশকে সাঙ্কী রেখে সে পথে পা রেখেছিল। পিসের প্রাম ধূলাউড়ি দেড় মাইল। ধূ-ধূ মাঠের মধ্যে দিয়ে পথ। মালতী জানে। তবু ফিরে যাবে। এই নরক থেকে মুক্তি পেতে বাকিটা জীবন পিসের বাড়িতে যি গিরি করতে সে প্রস্তুত।

সূর্য উঠল। প্রথম প্রভাতে সে পিসের পা জড়িয়ে ধরে বলল, আমাকে এই অবস্থায় তাড়িয়ে দেবেন না। নেমখারামি করব না কোনওদিন।

৪

নিমকহারামি করে নি মালতী। শরীরের অমন অবস্থাতেও প্রাণপাত পরিশ্রম করে পিসির অবর্তমানে সব দিক সে সামলে রাখল একাই। নগেনদাদার বিয়ের জন্য দেখাশোনা চলছে। বউদি না আসা পর্যন্ত পাশে দাঁড়াবার কেউ নেই। একজন কাজের মেয়ে ছিল, মালতী ফিরে আসার পর তাকে ছাড়িয়ে দেওয়া হয়েছে। রান্নাবাড়ি বাড়োঁচ কাচাকাচি সব কিছু দৌড়োদৌড়ি করে সামল দিতে বেচারি হাঁপিয়ে পড়ত। মেয়েদের জীবনের ওপর কেমন মেন যেয়া ধরে যাচ্ছিল। শুধু চাইছিল, কোলে যেন একটা ছেলে আসে ওর। বড় হয়ে মায়ের দুঃখ ঘোঁচাবে।

ঈশ্বর ওকে দিলেন মেয়েই। কিন্তু তার মুখখানা এতই সুন্দর, তাকে কোলে পেয়ে মালতী সব দুঃখ ভুলে গেল। মনে হল, এই মেয়েই আগামী দিনে তার একমাত্র অবলম্বন হয়ে দাঁড়াতে পারবে।

বাচ্চাটাকে মানুষ করার জন্য তখন সে সব কষ্ট সহ্য করতে রাজি। পিসেমশাই আর নগেনদাদাকে খুশি রাখতে সে দিনভর আপ্তাণ পরিশ্রম করে চলেছে। কোনও কাজে ‘না’ নেই।

না নেই বলেই বোধহয় একই ঘটনার পুনরাবৃত্তি। এবার দাবি নগেনের। মাঝারাতে সে হাজির মালতীর বিছানায়। নিজেকে সামলাতে পারেনি মালতী, চিকুর করে কেঁদে উঠেছিল। পিসে পাশের ঘর থেকে ছুটে এসে ছেলের চুলের মুঠি ধরে দুঃখাপ্ত কমে দিয়েছিল কিন্তু মালতীর একেবারে যেয়া ধরে গিয়েছিল জীবনে। বিষ কিনেও এনেছিল। কিন্তু মেয়ের নিষ্পাম মুখখানার দিকে তাকিয়ে শেষ পর্যন্ত মুখে দিতে পারেনি।

নগেন আর বেআদপি করেনি। পিসে বাছবিচার না করেই চটপট বিয়েও দিয়ে দিল ছেলের। কিন্তু বিয়ের কটা মাসের মধ্যে কী করে যেন নতুন বট-এর কানে সে রাতের ঘটনাটা যেতেই সে জিদ ধরে বসল, মালতীকে রাখা হলে ও বাপের বাড়ি ফিরে যাবে। শশুরমশাই কত বোঝালেন ওকে, বিনে মাইনের এমন দিনরাতের কাজের মেয়ে পাওয়া অসম্ভব। নগেনের বট কোনও কথা শুনতে রাজি নয়।

অগত্যা পিসে মালতীকে জবাব দিয়ে দিল। মালতী পায়ে ধরে

বলল, কটা মাস সময় দিল। কাজ খুঁজে নিয়ে চলে যাব। এখন কোথায় দাঁড়াব আমি?

কেবাণও অনুরোধ টিকল না। মেয়েটিকে কোলে নিয়ে মালতীকে পথে এসে দাঁড়াতেই হল। অসীম অনুগ্রহ, একটা পুরো সপ্তাহ তাকে সময় দিয়েছিল নতুন বট— আশ্রয় খুঁজে নেবার জন্য। বাবুদের দরজায় দরজায় কনিন ঘুরে সে ক্লান্ত। সে একা হলে রাজি ছিল কয়েকজন। কিন্তু ওইটুকু এক বাচ্চাকে কোলে নিয়ে ঘরে চুকলে কাজের জন্য মালতী সময়ই বা পাবে কতক্ষণ— এই সকলের ভয়। তারপর ওই শিশুটারও খাওয়া পরা, অসুখবিস্মৃত। তাত বোঝা নিতে রাজি হচ্ছে না কেউ।

সেই অসহায় মুহূর্তে কমলিমাসির সঙ্গে দেখা। বিবিগঞ্জের নাসিংহামে কী যেন কাজ করে। সে বলল, চল, গতর যখন আছে—টান্ডুনে চল। পেটের ভাত ঠিক জুটে যাবে।

বিবিগঞ্জে পৌছে মালতী দেখল, কমলিমাসির নাসিংহামে কাজের কথা মিছে। লাইনের মেয়েদের বিপদে আপদে একটা নির্দিষ্ট মেটানিটি হোমে নিয়ে উদ্ধার করার সুত্রে সেখানে ঘনিষ্ঠ যোগাযোগ আছে ঠিকই, কিন্তু আসলে সে-ও একজন প্রাত্নক দেহোপজীবিনী। এখন বয়স হয়েছে, চলে না। তাই নতুন মেয়েদের এনে রাস্তাটা চিনিয়ে দেয়। এটা ওর নেশা, বর্তমানে পোশাও।

প্রথমে কথাটা শুনে আঁতকে উঠলেও কমলিমাসি রংড় বাস্তুরা বোাল এমন যুক্তি দিয়ে, কিছুক্ষণ মাথা পোঁজ করে বসে থেকে মালতী শেষ পর্যন্ত রাজি হয়ে গেল। দেখল, এখানেও একটা সমান্তরাল সমাজ আছে। সহানুভূতি সহমর্মিতার কোনও অভাব নেই সেই সমাজে। গেরস্বার্ডি থেকেই তো সে থেকে এসেছে এতগুলো বছর, কতটুকু সম্মান পেয়েছে সেখানে? বেঁচে থাকার রসদ সোজা পথে জোগাড় না হলে নোংরা না যেঁটে উপায় কী! যন্ত্রাটকে বুকের মধ্যে ঢেকে রাখতে পারলেই তো কোনও সমস্যা থাকে না। বরং এই অন্যরকম জীবনটাকে মেনে নিয়ে একটু সাজল্যের সঙ্গে বেঁচে থাকা যাক। নিজের পায়ের ওপর দাঁড়ালে মাথাটা সিধে রাখা যায়।

৫

নিজের পায়ের ওপর মালতী বেশ দাঁড়িয়ে পড়েছিল। হঠাতে ধূমকেতুর মতো জেলফেরত কয়েদি নিতাই-এর আবির্ভাব। কোথেকে খবর পেয়েছে, সেই কথার জবাব না দিয়ে পান চিরোতে চিরোতে হাসছে।

এবার নাকি সে ভাল হয়ে যাবে। একেবারে। মালতী এমন এক পেশায় নেমেছে বলে কোনও হাহতাশ নেই। বলল, এমন দিন থাকবে না রে। গঞ্জের বাজারে চায়ের দোকান দেব। চুল্লু-তাড়ি কথনও ছাঁচে না।

